# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Bhadro 25, 1433 Bangla, September 09, 2026, Wednesday, No. 246, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, government's aim is to transform education system from certificate-based learning to skills-based and employment-oriented. (R. Today: 25)

The President has said, media must play responsible role for protecting country's independence, sovereignty and ensuring good governance. (Jago News: 18)

Foreign Minister Dr Khalilur Rahman has assumed presidency of 81st session of UN General Assembly. (BBC: 04)

Prime Minister's Information and Broadcasting Adviser has reiterated that government is pledged bound to bring back Sheikh Hasina home from India. (Jago News: 13)

Civil Aviation and Tourism Minister has informed that Hazrat Shahjalal International Airport's third terminal is expected to be partially opened on December 16. (Jago News: 13)

Cabinet Division has issued new instructions on submitting travel bills for ministers, state ministers and deputy ministers. (Jago News: 17)

State Minister for Foreign Affairs has assured that Bangladesh Embassy in Italy is working on the attack on actress Azmeri Haque Badhon. (BBC: 04)

State Minister for Power, Energy and Mineral Resources has said government has set a target of generating 5,500 megawatts of solar power by 2030. (Jago News: 19)

In last 24 hours, nine more people have died from dengue in country, 1,571 others hospitalized. (BBC: 04)

Bangladesh's first international-standard, FIFA-certified technical centre is to be set up in Ramu, Cox's Bazar. (DW: 12)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ২৫, বাংলা ১৪৩৩, সেপ্টেম্বর ০৯, ২০২৬, বুধবার, নং- ২৪৬, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সরকারের শিক্ষানীতির মূল লক্ষ্য হচ্ছে সনদনির্ভর শিক্ষা থেকে দক্ষতাভিত্তিক, কর্মমুখী ও নৈতিক শিক্ষায় উত্তরণ। (রে. টুডে: ২৫)

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , গণমাধ্যমকে সঠিক পথে থেকে দেশের স্বাধীনতা , সার্বভৌমত্ব ও সুশাসনের জন্য দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। (জাগো নিউজ: ১৮)

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন পররাষ্ট্র মন্ত্রী ডক্টর খলিলুর রহমান। (বিবিসি: ০৪)

শেখ হাসিনাকে ভারত থেকে ফেরত আনতে সরকারের অবস্থান স্পষ্ট ও অনড় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা। (জাগো নিউজ: ১৩)

আগামী ১৬ই ডিসেম্বর ঢাকায় হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালু হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী। (জাগো নিউজ: ১৩)

সরকারের মন্ত্রী , প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের ভ্রমণের ব্যয়সংক্রান্ত বিল দাখিলে নতুন নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগের। (জাগো নিউজ: ১৭)

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলার ঘটনায় ইতালিতে বাংলাদেশ দূতাবাস কাজ করছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। (বিবিসি: ০৪)

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী বলেছেন, ২০৩০ সালের মধ্যে সৌর বিদ্যুৎ থেকে ৫,৫০০ মেগাওয়াট উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। (জাগো নিউজ: ১৯)

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও ৯ জনের প্রাণহানি, হাসপাতালে ভর্তি আরও ১,৫৭১ জন। (বিবিসি: ০৪)

বাংলাদেশের কক্সবাজারের রামুতে নির্মিত হতে চলেছে দেশের প্রথম আন্তর্জাতিক মানের ফিফা-অনুমোদিত ফুটবল টেকনিক্যাল সেন্টার। (ডয়েচে ভেলে: ২২)

# বিবিসি

## বাংলাদেশ থেকে ভারতে কেন পাট পাচার করার অভিযোগ উঠছে

বাংলাদেশের উত্তরাঞ্চলীয় জেলা কুড়িগ্রামের চর রলাকাটার পাট চাষি গাটু শেখ বিবিসি বাংলাকে বলছেন তাদের এলাকায় এবার পাটের বেশ ফলন হয়েছে এবং তার আশা তিনিসহ যারা পাট চাষ করেছেন তারা বেশ ভালো টাকা আয় করবেন। কিন্তু এর মধ্যেই জেলার কিছু এলাকায় বাজারে পাটের সরবরাহ হুট করেই কম দেখা যাচ্ছে। ফলে জেলার বড়ো একটি পাটের বাজারে বিক্রি বেশ কমে গেছে বলে স্থানীয়রা বলছেন। কুড়িগ্রামের পাটের সবচেয়ে বড়ো বাজার যাত্রাপুর হাটে সম্প্রতি মানববন্ধন কর্মসূচি পালন করেছে স্থানীয় কৃষক ও ব্যবসায়ীরা। তাদের অভিযোগ, নদীপথে পার্শ্ববর্তী দেশে পাচার হয়ে যাচ্ছে পাট এবং সে কারণে ওই বাজারে এবার পাটের আমদানি খুবই কম। আবার সীমান্ত এলাকায় মধ্যসত্ত্বভোগীরা হাটের চেয়ে তুলনামূলক বেশি দামে পাট কিনে ভারতে পাচার করছেন এমন অভিযোগও উঠছে। ঢাকায় পাট অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ মো. নূরুল বাসির বিবিসি বাংলাকে বলেছেন, অভিযোগটি কয়েক মাস আগেই তারা পেয়েছেন এবং মন্ত্রণালয় থেকে ইতোমধ্যেই বর্ডার গার্ডকে চিঠিও দেওয়া হয়েছে। প্রসঙ্গত, পাট উৎপাদনে বাংলাদেশ বিশ্বে দ্বিতীয় অবস্থানে আছে এবং সরকারি হিসেবে দেশে প্রায় ৯০ লাখ বেল পাট উৎপাদিত হয়। বাংলাদেশ জুট অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান খন্দকার আলমগীর কবির বলছেন, কাঁচাপাট রপ্তানি বন্ধ থাকায় বিভিন্ন সীমান্ত দিয়ে পাচারের খবর তারা পাচ্ছেন, যা কিছুটা উদ্বেগজনক বলে মনে করেন তিনি। "উদ্বৃত্ত কাঁচা পাট রপ্তানির সুযোগ থাকলে প্রতিবছর বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো, পাশাপাশি পাচার অভিযোগ আসতো না," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### কিন্তু পাট পাচারের অভিযোগ কেন উঠছে?

গাটু শেখসহ আরও কয়েকজন স্থানীয় কৃষক বলছেন যে তারা শুনেছেন, ভারতে পাটের দাম তুলনামূলক অনেক বেশি এবং সে কারণেই স্থানীয় কৃষকদের একটি অংশ ভারতের পাচারের জন্য মধ্যসত্ত্বভোগীদের হাতে তুলে দিচ্ছেন। "এখানে যাত্রাপুর বাজারে বিক্রি করলে এখন ৪ হাজার টাকা পর্যন্ত পাওয়া যায়। কিন্তু ভারতের বাজারে সেটি ৫/৬ হাজার। এজন্যই কৃষকদের কাছ থেকে বাজারের চেয়ে বেশি দাম নিয়ে ফড়িয়ারা সেই পাট ভারতে নিয়ে যাচ্ছে," বলছিলেন একজন কৃষক। কুড়িগ্রামের মুখ্য পাট পরিদর্শকের কার্যালয়ের মুখ্য পরিদর্শক এটিএম খায়রুল হক মোট তিনটি জেলার দায়িত্বে আছেন। তিনি বলছেন, যেভাবে ব্যাপক পাচারের কথা বলা হচ্ছে বাস্তবতা তেমন নয়। "উত্তরবঙ্গের পাটের আঁশ একটু শক্ত হওয়ায় এর বাজার ভালো। বাইরেও এর চাহিদা আছে। স্থানীয় বাজারে এখন ৪৪শ টাকা রেট পাচ্ছে কৃষক। কৃষকরা পাট পাচার করে না। তাদের কাছ থেকে পাট নিয়ে কেউ পাচার করে কি-না সেটা আমাদের জানা নেই," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। পাট ব্যবসার সঙ্গে জড়িতদের সঙ্গে আলাপ করে যে ধারণা পাওয়া যাচ্ছে তা হলো- বাংলাদেশ থেকে ভারতে কাঁচা পাট রপ্তানি নিষিদ্ধ আছে, ফলে বাংলাদেশ থেকে ব্যবসায়ীরা সরাসরি ভারতে পাট রপ্তানি করতে পারছে না। তবে ভারতের বাজারে বাংলাদেশের এই পাটের চাহিদা ভালো। যদিও দেশের সবচেয়ে বেশি পাট উৎপাদন হয় ফরিদপুর জেলায়, যা দেশের মোট উৎপাদিত পাটের প্রায় ৩০ শতাংশ। কিন্তু পাট কর্মকর্তাদের মতে, ফরিদপুর অঞ্চলের পাটের আঁশ উত্তরাঞ্চলে উৎপাদিত পাটের আঁশের চেয়ে তুলনামূলক নরম। এ কারণে ভারতের পাটকলগুলোয় বাংলাদেশের উত্তরাঞ্চলের পাটের চাহিদা বেশি। ভারতে রপ্তানি বন্ধ থাকায় গত অর্থবছরে কাঁচাপাট রপ্তানির পরিমাণ আগের অর্থ বছরের তুলনায় বেশ কমে গেছে এবং সে কারণে কাঁচা পাট রপ্তানি থেকে আয়ও বেশ কমেছে।

গত মাসের শেষ সপ্তাহে বিজিবি আদিতমারীর সীমান্ত দিয়ে পাচারের সময় ৪৬০ কেজি পাট জব্দ করেছিল বিজিবি। এর আগে ২৩ আগস্ট পাটগ্রামে আরও চারশো কেজি পাট জব্দ করা হয়েছিল। পাট অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ মো. নূরুল বাসির বলছেন, তাদের কাছেও এমন অভিযোগ এসেছে আরও কয়েক মাস আগেই। "আমরা মন্ত্রণালয় থেকে বিজিবিকে চিঠি দিয়েছি। তারা সতর্ক থেকে দায়িত্ব পালন করছে। ফলে এখন আর এই অভিযোগ খুব একটা আছে বলে মনে হয় না। তবে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে আমাদের কর্মকর্তারা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### ভারতে আসলেই চাহিদা কতটা

ভারতের ন্যাশনাল জুট বোর্ডের এক উচ্চপদস্থ কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন, ভারতে পাটের প্রচুর চাহিদা। ভারত নিজে বছরে সাধারণত ৮০-৯০ লক্ষ বেলের কাছাকাছি উৎপাদন করতে পারে। তবে সময় বিশেষে চাহিদা বাড়ে। তখন ক্রাইসিস তৈরি হয়। সেই সময় আমদানি না হলে চাপ সৃষ্টি হয়। বাংলাদেশ থেকে আগে ভারতে ৫-৬ লক্ষ বেলের কাছাকাছি পাট ভারতে রপ্তানি হতো। কিন্তু এখন তা সম্পূর্ণ বন্ধ আছে। অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের আমলে ২০২৫ সালের আগস্টে ভারত সরকার বাংলাদেশ থেকে চার ধরনের পাটপণ্য স্থলবন্দর দিয়ে আমদানি নিষিদ্ধ ঘোষণা করেছিল। এরপর ওই বছরের ৮ সেপ্টেম্বর বাংলাদেশ সরকার কাঁচা পাট রপ্তানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করে। এর আগে, ওই বছরেরই জুনে ভারতের বৈদেশিক বাণিজ্য অধিদপ্তর স্থলবন্দর ব্যবহার করে বেশ কিছু পাট ও পাটজাত পণ্য আমদানি নিষিদ্ধ করায় এমনিতেই বাংলাদেশি পাট রপ্তানি সংকুচিত হয়ে এসেছিল। ওদিকে, পাটের বিশ্ববাজার মূলত ভারতের দখলে এবং দীর্ঘকাল বাংলাদেশের উৎপাদিত পাট নিয়ে ভারত তা

প্রক্রিয়াজাত কিংবা পাটজাত পণ্য তৈরি করে বিশ্ববাজারে রপ্তানি করছিল। অর্থাৎ বিদেশি ক্রেতারা এই পণ্যগুলো সরাসরি বাংলাদেশ থেকে নয় বরং ভারতের কাছ থেকে ক্রয় করছিল। এখন বাংলাদেশ থেকে স্থলপথে কাঁচাপাট রপ্তানি বন্ধ থাকায় সেখানকার পাটকলগুলোতে প্রভাব পড়ছে বলেও মনে করেন এদেশের ব্যবসায়ীরা। বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশন বলছে, এসব কারণেই পাচারের প্রবণতা তৈরি হয়েছে বাংলাদেশে। "এটি সত্যি বিভিন্ন সীমান্ত দিয়ে পাট যাচ্ছে বা পাচার হচ্ছে। মাঝে ব্যাপকভাবে হচ্ছিল। এখন সংবাদ মাধ্যমে আসা ও বিজিবির তৎপরতার কারণে পাচার কমেছে। কিন্তু বন্ধ হয়নি। আমরা মন্ত্রণালয়কে বলেছি যে রপ্তানি বন্ধ থাকা ক্ষতিকর। রপ্তানির সুযোগ থাকলে সরকার ও কৃষক-উভয়েই লাভবান হতো," বিবিসি বাংলাকে বলেছেন অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান খন্দকার আলমগীর কবির। তিনি জানান, কাঁচা পাট রপ্তানি বন্ধ থাকায় খুলনা, নারায়ণগঞ্জ, বৃহৎতর ফরিদপুর, উত্তরবঙ্গসহ দেশের প্রায় ৪০টি জুট প্রেস হাউস বন্ধ হয়ে বহু শ্রমিক কাজ হারিয়েছে। এই সংগঠনটির হিসেবে, ২০২৪-২৫ অর্থবছরে প্রায় সাড়ে আট লাখ বেলের বেশি পাট রপ্তানি হয়েছিল। কিন্তু রপ্তানি নিষেধাজ্ঞার কারণে ২০২৫-২৬ অর্থবছরে রপ্তানি হয়েছে মাত্র ৮৩ হাজার বেলের সামান্য বেশি।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## একদিনে ডেঙ্গুতে ৯ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি দেড় হাজারেও বেশি

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও ৯ জন মারা গেছে। এই সময়ের মধ্যে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে আরও এক হাজার ৫৭১ জন। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গু নিয়ে বুলেটিনে এই তথ্য জানানো হয়েছে। এতে সোমবার সকাল আটটা থেকে মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ২৪ ঘণ্টার তথ্য তুলে ধরা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, চলতি বছরে ডেঙ্গুতে এখন পর্যন্ত ১৩০ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে আগস্টেই মারা গেছে ৪৩ জন। এ ছাড়া জানুয়ারিতে দুইজন, ফেব্রুয়ারিতে দুইজন, মে মাসে একজন, জুনে ১৩ ও জুলাইয়ে ৩৬ জনের মৃত্যু হয়েছে। আর সেপ্টেম্বরে এখন পর্যন্ত মারা গেছে ৩৩ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের পহেলা জানুয়ারি থেকে এখন পর্যন্ত দেশে ডেঙ্গু নিয়ে ৪৫ হাজার ৪৭৫ জন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে ৪২ হাজার ১২৭ জন সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে। বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি আছে তিন হাজার ২১৮ জন।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## জাতিসংঘ অধিবেশনে আজ সভাপতির দায়িত্ব নেবেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে আজ দায়িত্ব গ্রহণ করতে যাচ্ছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। আগামী এক বছর তিনি জাতিসংঘের সর্বোচ্চ প্রতিনিধিত্বশীল ও বৈশ্বিক বহুপাক্ষিক ফোরামটির সভাপতির দায়িত্ব পালন করবেন জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, 'আজ মঙ্গলবার ৮ সেপ্টেম্বর বাংলাদেশ সময় রাত ৯টায় নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের সমাপ্তি পর্ব এবং ৮১তম অধিবেশনের নবনির্বাচিত সভাপতি খলিলুর রহমানের আনুষ্ঠানিক শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে'। শপথ গ্রহণ অনুষ্ঠানের আগে বাংলাদেশ সময় রাত পৌনে ৯টায় মি. রহমান মিডিয়া ব্রিফিংয়ে অংশ নেবেন। এ সময় তিনি সভাপতি হিসেবে আগামী অধিবেশনে জাতিসংঘ সাধারণ পরিষদের কার্যক্রম পরিচালনার বিষয়ে তার দৃষ্টিভঙ্গি তুলে ধরবেন। শপথ গ্রহণের পর আজ রাত ১টায় (বাংলাদেশ সময়) জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের প্রথম প্লেনারি সভায় সভাপতিত্ব করবেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## অভিনেত্রী বাঁধনের ওপর হামলার ঘটনায় ইতালিতে দূতাবাস কাজ করছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলার ঘটনায় ইতালিতে বাংলাদেশ দূতাবাস কাজ করছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। মঙ্গলবার জাতীয় সংসদে এনসিপির সংসদ সদস্য আখতার হোসেনের প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, "একজন জুলাই যোদ্ধার ওপর হামলা মানে এই দেশের গণতান্ত্রিক শাসনব্যবস্থার ওপর হামলা। সোমবার ইতালির ভেনিস শহরে অভিনেত্রী আজমেরী হক বাঁধন, তার ভাই ও ভাইয়ের স্ত্রী এবং তাদের সন্তানের ওপর ন্যাক্কারজনক হামলা চালায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মীরা।" মি. কবির বলেন, এ বিষয়ে আজ সকালে পররাষ্ট্র সচিবের সঙ্গে কথা বলেছি। নির্দেশনা দিয়েছি, যেন ইতালির পুলিশ কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হয় এবং বাঁধনকে সর্বোচ্চ সহযোগিতা দেওয়া হয়। প্রতিমন্ত্রী বলেন, "আজ বিকেলে স্থানীয় পুলিশ এই ঘটনার ব্যাপারে সক্রিয় প্রতিক্রিয়া দেখিয়েছে। রোমে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিলানের কনস্যুলেট জেনারেল বাঁধনের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন। তাকে সব ধরনের সহযোগিতা করা হচ্ছে।" তিনি জানান, বাঁধন পুলিশের কাছে একটি আনুষ্ঠানিক অভিযোগ করবেন। বাংলাদেশ দূতাবাস অত্যন্ত জোরালোভাবে বিষয়টি ইতালির পররাষ্ট্র মন্ত্রণালয়ে তুলে ধরবে।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## 'আমি কেস ফাইল না করে ভেনিস থেকে বাংলাদেশে আসছি না'

অভিনেত্রী আজমেরী হক বাঁধন বলেছেন, তার ওপর ইতালির ভেনিসে যে হামলা ও লাঞ্ছিত করার ঘটনা ঘটেছে, সেটি নিয়ে অভিযুক্তদের বিষয়ে মামলা করতে থানায় যাচ্ছেন। তিনি বলেছেন, "আমি কেস ফাইল না করে ভেনিস থেকে বাংলাদেশে আসছি না। এটার শেষ আমি দেখে ছাড়বো।" সোমবার রাতে ইতালির ভেনিসে বাংলাদেশের চলচ্চিত্র

অভিনেত্রীকে লাঞ্ছিত করার ঘটনা ঘটে। এই ঘটনার পরই রাতেই ফেসবুক পোস্টে এ নিয়ে বিস্তারিত জানান তিনি। ওই ঘটনার পর মঙ্গলবার প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমানও জানিয়েছেন, অভিনেত্রী বাঁধনকে লাঞ্ছিতের ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। বর্তমানে ভেনিসেই আছেন বাঁধন। মঙ্গলবার দুপুরে বাঁধন নিজের ভেরিফাইড ফেসবুক পেজের একটি পোস্টে বলেন, "আমি আমার মাথা কখনও নত করিনি। আর সেটা করতে ভুলেও গেছি। আমাকে ভেঙে ফেলা এত সহজ না।" তিনি বলেন, "আমাকে এখানকার পুলিশ অনেক হেল্প করেছে। গতকাল রাতে আমাকে একটা নিরাপদ জায়গায় তারা পৌঁছে দিয়েছে। আজকে আমাদের অ্যাম্বাসেডর (ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত) ফোন করেছেন। ওনার অফিস থেকে লোক আসছে। ওনাদের সাথে আমি থানায় যাচ্ছি কেস ফাইল করতে।" "যেহেতু আমাদের কাছে সমস্ত এভিডেন্স আছে। আমরা অলরেডি অনেকজনকে আইডেন্টিফাই করেছি," যোগ করেন তিনি। বাঁধন বলেন, "বাংলাদেশের প্রধানমন্ত্রী অফিস থেকে আমার সাথে যোগাযোগ করা হয়েছে। প্রত্যেকটা মানুষই গতকাল থেকে যেভাবে আমাকে সাপোর্টটা করেছেন, আমি ভীষণভাবে কৃতজ্ঞ। আমি মনে করি, আমি একজন গর্বিত বাংলাদেশি।" (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## মালদায় লক্ষাধিক বন্যাকবলিত, গঙ্গা বইছে বিপদসীমার ওপরে

পশ্চিমবঙ্গের মালদা জেলার গঙ্গা তীরবর্তী এলাকাগুলোতে গত আটচল্লিশ ঘণ্টায় বন্যা পরিস্থিতির চরম অবনতি হয়েছে। জেলার লক্ষাধিক মানুষ এখন বন্যাকবলিত বলে প্রশাসন জানাচ্ছে। ভূতনির চর এলাকায় পরিস্থিতি শোচনীয়, গঙ্গার জল বেড়ে উত্তর চণ্ডীপুর পঞ্চায়েতের বিস্তীর্ণ এলাকাও প্লাবিত হয়েছে। সোমবার মালদাতে গঙ্গার জল আরও বেড়ে ২৫.৬৪ মিটার উচ্চতায় পৌঁছয়। যা চরম বিপদসীমার (EDL) থেকে ০.৩৪ মিটার বেশি। স্থানীয় সূত্রের খবর, মানিকচক ব্লকের উত্তর চণ্ডীপুর পঞ্চায়েতের বহু এলাকা ইতিমধ্যেই জলের তলায় চলে গিয়েছে। বন্যার কারণে ভূতনির চরে পুলিশ থানা আগেই সরিয়ে নেওয়া হয়েছিল, এবারে দ্বীপের স্বাস্থ্যকেন্দ্রও সরিয়ে নিতে হয়েছে। সোমবার স্বাস্থ্যকেন্দ্রের চত্বর জলমগ্ন হয়ে পড়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। মানিকচকের বিজেপি বিধায়ক গৌরচন্দ্র মণ্ডল এই পরিস্থিতির জন্য তৃণমূল কংগ্রেসকে দায়ী করেছেন। তিনি বিবিসি বাংলাকে জানান, "আমি এখানকার ভূমিপুত্র, এখানকার মানুষের দুর্দশা আমি জানি। ভাঙন রোধের কাজ এবং ত্রাণসামগ্রী বিলির নামে আগের রাজ্য সরকার তথা তৃণমূল কংগ্রেসের সীমাহীন দুর্নীতিই ভূতনির চরের বাসিন্দাদের এই বিপর্যয়ের মূল কারণ।" তবে তার দাবি, সংকট মোকাবিলায় বিজেপি-শাসিত রাজ্য সরকার সব ধরনের সম্ভাব্য ব্যবস্থা নিয়েছে। বিধায়ক বলেন, "ভূতনিতে পর্যাপ্ত ত্রাণসামগ্রী দেওয়া হচ্ছে। সব ত্রাণকেন্দ্রে রান্না করা খাবার পরিবেশন করা হচ্ছে। বিনামূল্যে নৌকা পরিষেবা চালু করা হয়েছে। চিকিৎসকেরা ত্রাণশিবিরে গিয়ে মানুষের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার চিকিৎসা করছেন। প্লাবিত এলাকার অন্তঃসত্ত্বা মহিলাদের জন্য বিশেষ ব্যবস্থাও করা হয়েছে।" গত শনিবার মালদায় উত্তর চণ্ডীপুরের কেশরপুরে বাঁধ ভেঙে যাওয়ার পর গঙ্গার জলে প্রথমে ২৯টি এলাকা প্লাবিত হয়। রবিবার সেই সংখ্যা বেড়ে দাঁড়ায় ৬২-তে। প্রশাসন আশঙ্কা করছে, ভূতনির দক্ষিণ চণ্ডীপুর এবং হীরানন্দপুর পঞ্চায়েতের আরও নতুন এলাকায় জল ঢুকে পড়তে পারে। সেক্ষেত্রে প্লাবিত এলাকার সংখ্যা ১৫০ ছাড়িয়ে যেতে পারে।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## বার সভাপতির বক্তব্যের জেরে এজলাস থেকে চলে গেলেন প্রধান বিচারপতি

তথ্য গোপন ও প্রতারণার অভিযোগে একজন আইনজীবীকে পাঁচ লাখ টাকা জরিমানা করে আপিল বিভাগ। এই ঘটনাকে কেন্দ্র করে শুনানিতে প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও সুপ্রিম কোর্ট বার সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকনের মধ্যে মঙ্গলবার বাগ্‌বিতণ্ডার ঘটনা ঘটে। এক পর্যায়ে এজলাস ত্যাগ করেন প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ। দুপুরে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে এ ঘটনা ঘটে। এই ঘটনার পর সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি মি. খোকন ও এটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল দুই পক্ষই ব্রিফ করেছেন। সেখানে তাদের দুইজনের কথায়ই উঠে এসেছে- ওই আইনজীবীকে জরিমানা করার ঘটনায় প্রতিক্রিয়া দেখিয়েছিলেন বার এসোসিয়েশনের সভাপতি মি. খোকন। যার জের ধরে এজলাস ছাড়েন প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ। ঘটনার পরপরই নোয়াখালী-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন ব্রিফিংয়ে বলেন, "একজন মহিলা আইনজীবীর ওপর একটা মামলায় কস্ট দিয়েছেন তারা। পাঁচ লাখ টাকা জরিমানা করেছে। শেষ হওয়ার পর আমি প্রধান বিচারপতিকে বিনয়ের সাথে বললাম যে- আপনি প্রধান বিচারপতি হওয়ার পর আসলে মামলা টামলা খুব একটা হচ্ছে না আপিল বিভাগে। ল' ইয়ারদের ইনকাম কমে গেছে। একজন জুনিয়র ল' ইয়ার পাঁচ লাখ টাকা কস্ট দেওয়াটা অনেক বেশি হয়ে গেছে। তাকে মাফ করে দেওয়া দরকার।" মি. খোকন বলেন, "তখন উনি (প্রধান বিচারপতি) বললেন যে, "আমি চিফ জাস্টিস হওয়ার পর ইনকাম কমে গেছে? আমি বললাম ইনকাম ওই সেন্সে কমে গেছে।" মি. খোকনের ব্রিফিংয়ের পরপরই অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল ওই ঘটনার বিস্তারিত তুলে ধরেন। মি. কাজল বলেন, "উনি (মাহবুব উদ্দিন খোকন) যখন বললেন একজন আইনজীবীকে আপনারা ফাইন করেছেন। তখন চিফ জাস্টিস বললেন, আমরা সব কিছু দেখেশুনে একটা আদেশ দিয়েছি। আমাদের আদেশ আমরা পরিবর্তন করবো না। কারণ ওনাদের বক্তব্য অনুযায়ী 'সিরিয়াস ফ্রড কমিট' করা হয়েছে।" "তখন অত্যন্ত অপ্রত্যাশিতভাবে মাহাবুব উদ্দিন খোকন, তিনি একজন জাতীয় সংসদ সদস্য.. তিনি বলে ফেললেন, আপনি প্রধান বিচারপতি হওয়ার পর আইনজীবীদের ইনকাম কমে গেছে," যোগ করেন তিনি। অ্যাটর্নি জেনারেল বলেন, "বিষয়টা

মাননীয় প্রধান বিচারপতি প্রথমে একটু লাইটলি নিলেন। তারপর বললেন আপনি কি এটা মিন করেন কী-না? মাহাবুব উদ্দিন খোকন সাহেব একই কথা বলার যখন চেষ্টা করেছেন... তখন মাননীয় প্রধান বিচারপতি বলেছেন, আপনি যে কথাটা বলেছেন, অ্যাবসুলেট আদালত অবমাননার শামিল। যেহেতু আপনি এতবড় একটা কথা বলেছেন, আমি আজকে আর আদালতের কার্যক্রমে অংশগ্রহণ করবো না। এ কথা বলেন উনি উঠে গেছেন।"

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## জামিনের পর কারাগার থেকে মুক্তি পেলেন বিদিশা সিদ্দিক

প্রতারণার মামলায় আটকের পর কারাগার থেকে মুক্তি পেয়েছেন প্রয়াত রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা হুসেইন মুহাম্মদ এরশাদের স্ত্রী বিদিশা সিদ্দিক। মঙ্গলবার বিকেলে গাজীপুরের কাশিমপুর মহিলা হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগার জামিনে মুক্ত হন তিনি। মহিলা হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগারের সিনিয়র জেল সুপার মো. নজরুল ইসলাম বিবিসি বাংলাকে এই তথ্য জানান। তিনি বলেন, "তার জামিনের সব কাগজপত্র যাচাই-বাছাইয়ের পর মুক্তি দেওয়া হয়েছে।" এর আগে ফ্ল্যাট বিক্রি নিয়ে প্রতারণার অভিযোগে গত ২০ মে বিদিশাকে দুই বছরের সাজা দেন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত। এরপর ২৫ আগস্ট রাতে গুলশানের একটি রেস্তোরাঁ থেকে বিদিশাকে সিদ্দিককে গ্রেফতার করে পুলিশ। পরদিন তাকে ঢাকার সিএমএম আদালতে হাজির করা হলে আদালতে তাকে কারাগারে পাঠায়। গত ৬ সেপ্টেম্বর (রোববার) হাইকোর্ট তার জামিনের আদেশ দেন। এই আদেশের অনুলিপি কারাগারে পৌঁছানোর পর মঙ্গলবার জামিনে মুক্ত হন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে সার নিয়ে আসলে কী চলছে?

"কাজকাম বাদ দিয়ে গতকাল সারাদিনটা আমি সার খুঁজতেছি, টাকা দিয়েও কোথাও পাঁচ কেজি সার আমি পাইনি, এখন আমার অবস্থাটা কি হবে?" বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন কুড়িগ্রামের মোঘলবাসা ইউনিয়নের কৃষক ছবির উদ্দিন। আমন মৌসুমে চাহিদা অনুযায়ী সার না পেয়ে বিপাকে পড়েছেন তার মতো অনেকেই। "কয়দিন আগে ডিজেল নিয়ে ঝামেলায় পড়িছিলাম, এবার সার নিয়ে পড়িছি। কী যে একটা যন্ত্রণা শুরু হইছে। বেশি টাকা দিয়ে সার কিনলি কি পুষাবে?," এই প্রশ্ন মাগুরার কৃষক প্রহ্লাদ দাসের। রাজশাহী, নীলফামারী, ঝিনাইদহ এবং যশোর জেলার বেশ কয়েকজন কৃষকের সঙ্গে কথা বলে সার নিয়ে সংকটের এমন চিত্রই পাওয়া গেছে। কোথাও সার পাওয়া যাচ্ছে না, কোথাও দাম বেশি আবার কোথাও সার পেতে দীর্ঘ ভোগান্তি। অথচ সরকারি হিসেবে সারের কোনো সংকট নেই। বরং প্রয়োজনের তুলনায় সরবরাহ বাড়ানো হয়েছে। কৃষিমন্ত্রী জানিয়েছেন, গত বছর একই সময়ে সরকারিভাবে সারের মজুত ছিল ১২ লক্ষ মেট্রিক টন, যা বর্তমানে ১৩ লক্ষ মেট্রিক টনের কাছাকাছি। কৃষি মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, চলতি বছরে বাংলাদেশে ইউরিয়া, টিএসপি, ডিইপি এবং অ্যামোনিয়া সারের মোট চাহিদা ৫৮ লক্ষ ২০ হাজার মেট্রিক টন।

এছাড়া প্রায় ১৬ লক্ষ মেট্রিক টন সার নিরাপত্তা মজুত হিসেবে রাখা হয়েছে, যা সরবরাহ পরিস্থিতি ঠিক রাখা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলার জন্য ব্যবহার হয়। কৃষি মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, বর্তমানে সৌদি আরব, মরক্কো, কানাডা এবং রাশিয়ার সঙ্গে বাংলাদেশের সার আমদানি চুক্ত রয়েছে। এছাড়া তিউনিশিয়া, চীন এবং মিশরের সঙ্গেও চুক্তি হচ্ছে। প্রতিমাসে যে পরিমাণ সার বরাদ্দ দেওয়ার কথা তা মজুত সরকারের কাছে আছে। এমনকি তিন থেকে চার মাসের আগাম মজুত রয়েছে বলেও দাবি করা হচ্ছে। তাহলে, মাঠ পর্যায়ে কৃষকের চাহিদা মিটছে না কেন? আর কেনইবা সড়ক আটকে বিক্ষোভ কিংবা ডিলার গোডাউনে লুটপাটের ঘটনা ঘটছে? স্থানীয় পর্যায়ে কৃষক, ডিলার, জেলা প্রশাসন এবং কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে সার নিয়ে চলমান অস্থিরতার পেছনে বেশ কয়েকটি কারণ চিহ্নিত করা গেছে।

### ডিলার নিয়োগ নীতিমালা

জরুরি কৃষি পণ্য হিসেবে বাংলাদেশে সার উৎপাদন, আমদানি এবং বিতরণের বিষয়টি সরকারি পর্যায়ে কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়। সার বিতরণ পর্যায়ে সাধারণত দেশের প্রতিটি ইউনিয়নে দুইজন মাস্টার ডিলার এবং তাদের অধীনে নয় থেকে ১৬ জন পর্যন্ত সাব-ডিলার কাজ করেন। সম্প্রতি সারের ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত যে নীতিমালা বর্তমান সরকার প্রণয়ন করেছে সেখানে ডিলার নিয়োগের ক্ষেত্রে বেশ কিছু পরিবর্তন আনা হয়েছে। কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ জানিয়েছেন, বিভিন্ন অনিয়মের দায়ে অভিযুক্ত ডিলারদের তালিকা তৈরি করছে সরকার। নীতিমালা ভঙ্গ করা ডিলারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথাও বলেছেন তিনি। সার নিয়ে বর্তমান সংকটের পেছনে আওয়ামী লীগ সরকারের আমলে নিয়োগ পাওয়া কিছু ডিলারের কারসাজি রয়েছে বলেও সংসদে অভিযোগ তোলা হয়েছে। মাঠপর্যায়ে সার নিয়ে বর্তমানে যে অস্থিরতা তৈরি হয়েছে, তার পেছনে ডিলার নিয়োগের এই নতুন নিয়ম ভূমিকা রাখছে বলেই মনে করছেন অনেকে। খোঁজ নিয়ে জানা গেছে, সারের ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত এই নীতিমালা অন্তর্বর্তীকালীন সরকারের আমলেই তৈরি করা হয়েছিল। পরবর্তীতে যেখানে বেশ কিছু পরিবর্তন এনেছে বর্তমান সরকার। কৃষি মন্ত্রণায়ল এর লক্ষ্য ছিল, অফ পিক সিজন অর্থাৎ যখন সারের চাহিদা কিছুটা কম থাকে তখন এই নীতিমালা বাস্তবায়ন করে নতুন করে ডিলার নিয়োগের বিষয়টি নিশ্চিত করা হবে। কিন্তু নীতিমালার বেশ কিছু জায়গায় পুনরায় পরিবর্তন ও সংশোধনের পর এটি সময়মতো বাস্তবায়ন করা যায়নি। ফলে এমন একটি সময়ে সরকার এটি বাস্তবায়ন শুরু করে, যখন ইতোমধ্যে আমন মৌসুমের বাড়তি চাহিদা শুরু হয়ে গেছে এবং রবি মৌসুমের চাহিদাও

আসন্ন। বর্তমানে সার নিয়ে যে সংকট চলছে, তার পেছনে ডিলার নিয়োগের এই দীর্ঘসূত্রিতা একটা গুরুত্বপূর্ণ কারণ বলেই মনে করছেন বিশেষজ্ঞদের অনেকে।

**রাজনৈতিক আধিপত্য**

সম্প্রতি কুড়িগ্রাম জেলায় একাধিক স্থানে ডিলার গোডাউন থেকে সার লুটপাটের ঘটনা ঘটেছে। সার না পেয়ে সড়ক অবরোধ করে বিক্ষোভও করেছেন কৃষকরা। এসব ঘটনার পেছনে কৃষকদের ক্ষোভ যেমন রয়েছে তেমনি রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে বলেও মনে করা হচ্ছে। একদিকে যেমন সরকার বিরোধীদের উসকানি কিংবা কারসাজির অভিযোগ উঠছে, তেমনি নতুন একটি গ্রুপ সারের বিতরণ ব্যবস্থার দখল নিতে মরিয়া বলেও দাবি করা হচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক কুড়িগ্রামের একাধিক গণমাধ্যমকর্মী বলছেন, নতুন করে ডিলার নিয়োগ না হওয়ায় জেলার সার বিতরণ ব্যবস্থা এখনও পুরোনো ডিলারদের হাতেই রয়েছে। ফলে তাদের ওপর ছড়ি ঘোরানোর চেষ্টা করছে নতুন একটি দল। এছাড়া পুরোনো অনেক ডিলার বর্তমানে ক্ষমতার কাছাকাছি থাকা ব্যক্তিদের সঙ্গে একটি বোঝাপড়ার জায়গাও তৈরি করেছেন। অনেক ক্ষেত্রে, প্রকৃত ডিলারের কাছ থেকে সার নিয়ে খুচরা বাজারে বেশি দামে বিক্রি করা হচ্ছে বলেও অভিযোগ উঠেছে। এমন প্রেক্ষাপটে সার বিতরণ ব্যবস্থা নিয়ে স্থানীয় পর্যায়ে এক ধরনের জটিল পরিস্থিতি তৈরি হয়েছে। যা সামাল দিতে হিমশিম খাচ্ছে প্রশাসন। কুড়িগ্রামের জেলা প্রশাসক অন্নপূর্ণা দেবনাথ বলছেন, গত বছর যে চাহিদা ছিল, তার তুলনায় এবার বেশি সার দেওয়া হলেও কিছু অসাধু ব্যক্তির কারণে পরিস্থিতি খারাপ হচ্ছে। "প্রতিটি খুচরা ডিলার যার লাইসেন্স নাই, টাকা জমা দেয়নি বা এবার হবে, পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য তাদেরকেও আমরা একটু একটু করে সার দিচ্ছি, আরও এক্সট্রা সার আনাচ্ছি- তারপরও এখানে চাহিদা থেকেই যাচ্ছে," বিবিসি বাংলাকে বলেন তিনি। এছাড়া নিয়ম ভঙ্গের অভিযোগে পুরোনো ডিলারদের বিরুদ্ধে যে ব্যবস্থা নেওয়ার ঘোষণা দেওয়া হয়েছে, সেখানেও রাজনৈতিক বিবেচনা কাজ করে কিনা, এমন শঙ্কাও করছেন কেউ কেউ। নাম প্রকাশে অনিচ্ছুক কুড়িগ্রাম অঞ্চলের একজন সার ডিলার দাবি করেন, প্রভাবশালী একটি মহল সার বিতরণ ব্যবস্থা প্রভাবিত করছে। "সার গুদামে আসার পর নির্দিষ্ট-সংখ্যক বস্তা তাদেরকে দিতে হচ্ছে, তারা নিয়ে বেশি দামে বিক্রি করছে। না দিয়ে উপায় নেই কিন্তু সরকারি হিসেবে অনিয়ম করছি আমি," বিবিসি বাংলাকে বলেন তিনি।

**আরও যে-সব কারণ**

ডিলার নিয়োগ নিয়ে জটিলতা কিংবা রাজনৈতিক আধিপত্য ছাড়াও বেশ কয়েকটি কারণ সার নিয়ে সংকটের পেছনে ভূমিকা রাখছে বলেই মনে করা হচ্ছে। বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন-এর রাজশাহী জেলার সচিব মোহাম্মদ হাবিবুর রহমান বলছেন, প্রয়োজন অনুযায়ী প্রতি মাসে জেলাভিত্তিক সার বরাদ্দ দেওয়া হয়। কিন্তু বর্তমানে অনেক কৃষকের মধ্যে আসন্ন রবি মৌসুমের জন্য আগাম সার সংগ্রহের প্রবণতা রয়েছে। এছাড়া কৃষি মন্ত্রণালয় যে হিসেবে সার সরবরাহ করছে, সেখানেও গলদ রয়েছে বলে মনে করেন মি. রহমান। তিনি বলছেন, "কেবল রাজশাহী জেলায় প্রায় ১৭ হাজার হেক্টর জমিতে মৎস্য চাষ হয়, সেখানেও তো কিছু সার যায়, যেটা সরকারের গুণতিতে নাই।" এছাড়া ফসল উৎপাদনের ক্ষেত্রে নির্দেশিত মাত্রার অতিরিক্ত সার প্রয়োগ করছেন অনেক কৃষক, যার ফলে সারের চাহিদাও বেশি হচ্ছে। "সরকারিভাবে নির্দেশনা দেওয়া ফসল ভেদে ২০ থেকে ৩০ কেজি সার দেওয়ার কিন্তু অনেক ক্ষেত্রে ডাবল দিয়ে দেওয়া হচ্ছে। ফলে সার নষ্ট হচ্ছে এবং জমিও নষ্ট হচ্ছে," বিবিসি বাংলাকে বলেন মি. রহমান। বর্তমানে আমন মৌসুমের জন্য সারের চাহিদা চলছে। অক্টোবর মাস থেকেই শুরু হবে রবি মৌসুমের সারের চাহিদা। কৃষি মন্ত্রণালয় সাধারণত নির্দিষ্ট মাসের যে সারের চাহিদা রয়েছে, সেটি মাস শুরুর ১৫ দিন আগেই বরাদ্দ দেয়। অর্থাৎ অক্টোবর মাসে দেশের কোনো জেলায় যে পরিমাণ সারের চাহিদা রয়েছে, সেটি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের মধ্যেই বরাদ্দ দেওয়া হয়। আর এই সার, চাহিদা অনুযায়ী ডিলারদের কাছে উপ-বরাদ্দ দেয়, জেলা পর্যায়ে সার ও বীজ মনিটরিং কমিটির প্রধান অর্থাৎ জেলা প্রশাসক। যার ভিত্তিতে কোন ডিলার কত সার উত্তোলন করবেন মাস শুরুর আগেই সেটি নির্ধারণ হয়, ডিলারদের কাছে সার পৌঁছে যায়। এক্ষেত্রে সার বিতরণ ব্যবস্থার তদারকিতে ঘাটতি দেখছেন বিশেষজ্ঞরা। তাদের মতে, মাঠ পর্যায়ে সার বিতরণ ব্যবস্থাপনায় যারা দায়িত্বে রয়েছেন তাদেরও উদাসীনতা রয়েছে। ডিলার পর্যায়ে সার বিতরণ ঠিক মতো হচ্ছে কিনা, সেটি দেখ-ভালের দায়িত্ব সাধারণত ইউনিয়ন পর্যায় পর্যন্ত বিস্তৃত। কিন্তু দেশের একটি ইউনিয়নে সাধারণত তিনজন উপ-সহকারী কৃষি কর্মকর্তা এই দায়িত্ব পালন করেন। কৃষি অর্থনীতিবিদ অধ্যাপক মোহাম্মদ সাইদুর রহমান বলছেন, মজুত আছে কিন্তু বিতরণে সমস্যা, এটি বলে সরকারের পার পাওয়ার সুযোগ নেই। "যদি রাস্তা থেকে সার লুট করে কেউ নিয়ে যেত, তাহলে না হয় বলা যেত এটা নিয়ন্ত্রণের বাইরে কিন্তু এটা যদি না হয়, তাহলে যাদের মাধ্যমে বিতরণটা হয়, তারা তো এমন নয় যে, বিরোধী দল, ব্যবস্থাপনার প্রটোকলটাও তো আমাদের জানা," বিবিসি বাংলাকে বলেন তিনি। পাশাপাশি গ্যাস সংকটের কারণে কারখানা বন্ধ থাকার বিষয়টিও সার নিয়ে এক ধরনের আতঙ্ক তৈরি করেছে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, বাংলাদেশে যে সংখ্যক কারখানা রয়েছে, সেগুলো নিয়মিত চালু রাখা গেলে সেখান থেকে উৎপাদিত ইউরিয়া দিয়েই মোট চাহিদা পূরণ সম্ভব। কিন্তু বর্তমানে গ্যাস সংকটে দেশের বেশিরভাগ সার কারখানা বন্ধ থাকায় ইউরিয়ার মোট চাহিদার মাত্র ২০ শতাংশ পূরণ করা সম্ভব হচ্ছে অভ্যন্তরীণভাবে। এছাড়া টিএসপি এবং ডিইপি সারের যে দুটি কারখানা বাংলাদেশে করা হয়েছে। এগুলো কখনই তেমন ভূমিকা রাখতে পারেনি বলেই মত বিশেষজ্ঞদের।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## পশ্চিম তীরে ইসরায়েলি বসতিতে যুক্তরাজ্যের নিষেধাজ্ঞার পর ইসরায়েলের পাল্টা পদক্ষেপ

পশ্চিম তীরে ইসরায়েলি বসতিতে যুক্তরাজ্যের নিষেধাজ্ঞার জবাবে জেরুজালেমে ব্রিটিশ কনস্যুলেট বন্ধ করে দেওয়ার ঘোষণা দিয়েছে ইসরায়েল। মঙ্গলবার যুক্তরাজ্যের নিষেধাজ্ঞা ঘোষণার পর ইসরায়েলি পররাষ্ট্রমন্ত্রী গিডিয়ন সার ইসরায়েলের চার দফা পাল্টা পদক্ষেপের ঘোষণা দিয়েছেন। সেগুলো হলো- জেরুজালেমে ব্রিটিশ দূতাবাস বন্ধ করে দেওয়া, দক্ষিণ ইসরায়েলের কিরিয়াত গাতে অবস্থিত 'ইন্টারন্যাশনাল গাজা সাপোর্ট সেন্টার' থেকে ব্রিটিশ প্রতিনিধিদের প্রত্যাহার করা, রামাল্লায় ব্রিটিশ সাপোর্ট টিম-এর আওতায় জুদেয়াহ ও সামারিয়ায় (পশ্চিম তীরকে এভাবে বর্ণনা করে ইসরায়েলি সরকার) ফিলিস্তিনি কর্তৃপক্ষের নিরাপত্তা বাহিনীকে প্রশিক্ষণ দেওয়ার ব্রিটিশ কার্যক্রম বন্ধ করা, যাদের বিরুদ্ধে ইহুদিবিদ্বেষী ও ইসরায়েলবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে এমন ১২ জন ব্রিটিশ এমপিকে ও কয়েকজন ব্রিটিশ নাগরিককে ইসরায়েলে প্রবেশে নিষেধাজ্ঞা। ইসরায়েলি পররাষ্ট্রমন্ত্রী গিডিয়ন সার বর্তমান যুক্তরাজ্য সরকারকে বৈরি আখ্যা দিয়ে বলেছেন, "তারা ইসরায়েলের বিরুদ্ধে কাজ করছে"। তিনি অভিযোগ করেন, আগামী মাসে ইসরায়েলে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনের আগে যুক্তরাজ্য সরকার দেশটির নির্বাচনী প্রক্রিয়ায় "নির্লজ্জ হস্তক্ষেপ" করছে। ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী আরও অভিযোগ করেন, যুক্তরাজ্য সরকার ইহুদিবিদ্বেষের উত্থানে ভূমিকা রাখছে।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## পশ্চিম তীরে ইসরায়েলি বসতির ওপর যুক্তরাজ্যের নিষেধাজ্ঞা, 'জাতিগত নিধন' চলছে বলে বর্ণনা

অধিকৃত পশ্চিম তীরে ইসরায়েলি বসতিগুলো থেকে পণ্য আমদানি ও সংশ্লিষ্ট কিছু সেবার ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাজ্য। একইসঙ্গে পশ্চিম তীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরায়েলি বসতিস্থাপনকারীদের সহিংসতাকে 'জাতিগত নিধন' বলেও আখ্যা দিয়েছে ব্রিটিশ সরকার। ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী এড মিলিব্যান্ড সংসদে বলেন, "পশ্চিম তীরে ইসরায়েলি বসতি স্থাপনকারীদের চালানো হামলার মাধ্যমে 'এথনিক ক্লিনজিং' বা 'জাতিগত নিধন' চলছে। এ ক্ষেত্রে ইসরায়েল সরকার 'চোখ বন্ধ করে আছে' বলেও অভিযোগ করেন তিনি। তিনি জানান, আন্তর্জাতিক আইনে এসব বসতি অবৈধ পশ্চিম তীরে ইসরায়েলি বসতিগুলোর বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপে যুক্তরাজ্যের সঙ্গে যোগ দেবে ফ্রান্স ও কানাডা। মি. মিলিব্যান্ড জানান, পরবর্তীতে আরও নয়টি দেশ একই ধরনের নিষেধাজ্ঞা আরোপের সিদ্ধান্ত নেবে। দেশগুলো হলো- ডেনমার্ক, স্পেন, ফিনল্যান্ড, আয়ারল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, পোল্যান্ড, পর্তুগাল ও সুইডেন। এই নিষেধাজ্ঞা এমন এক সময়ে আরোপ করা হয়েছে যখন ইসরায়েল অধিকৃত পশ্চিম তীরে ১,২০০টি নতুন বাড়ি নির্মাণের পরিকল্পনা করছে এবং এ বছর ফিলিস্তিনিদের ওপর বসতি স্থাপনকারীদের হামলা বৃদ্ধি পেয়েছে। যুক্তরাজ্যের এই সিদ্ধান্তের তীব্র সমালোচনা করেছে ইসরায়েল ও যুক্তরাষ্ট্র। এর আগে ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজগ যুক্তরাজ্যের নিষেধাজ্ঞার সিদ্ধান্তকে 'গুরুতর ভুল' হিসাবে মন্তব্য করেন। এদিকে, ইসরায়েলে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মাইক হাকাবি বিবিসিকে বলেছেন, এই নিষেধাজ্ঞার কারণে যুক্তরাজ্যের কিছু প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রের কয়েকটি অঙ্গরাজ্যে ব্যবসা করার ক্ষেত্রে নিষেধাজ্ঞার মুখে পড়তে পারে।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশ-উইন্ডিজ সিরিজের সূচি ঘোষণা

দুই টেস্টের সিরিজ খেলতে অক্টোবরে বাংলাদেশের আসছে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দল। বাংলাদেশ ক্রিকেট বোর্ড বা বিসিবি মঙ্গলবার সফরের সূচি ঘোষণা করেছে। সফরে দুইটি টেস্ট খেলবে ওয়েস্ট ইন্ডিজ। সূচি অনুযায়ী, ১৮ অক্টোবর ঢাকায় পৌঁছাবে ওয়েস্ট ইন্ডিজ দল। এরপর ২২ থেকে ২৪ অক্টোবর বসুন্ধরা স্পোর্টস কমপ্লেক্সে তিনদিনের একটি প্রস্তুতি ম্যাচ খেলবে সফরকারী দল। এরপর ২৮ অক্টোবর শুরু হবে দুই ম্যাচের টেস্ট সিরিজ। ২৮ অক্টোবর থেকে পহেলা নভেম্বর মিরপুরের শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে সিরিজের প্রথম টেস্ট। দ্বিতীয় টেস্ট অনুষ্ঠিত হবে সিলেটে। ৫ নভেম্বর থেকে ৯ই নভেম্বর সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে ম্যাচটি।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## ইরান যুদ্ধের পর অস্ত্রের মজুত কমেছে, ঝুঁকিতে মার্কিন নিরাপত্তা

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও যুদ্ধমন্ত্রী পিট হেগসেথের তীব্র সমালোচনা করে নিউইয়র্ক টাইমস সতর্ক করে দিয়েছে। দৈনিকটি লিখেছে যে, ইরানের বিরুদ্ধে যুদ্ধের পর যুক্তরাষ্ট্রের অস্ত্রের মজুত কমে যাওয়া, মিত্রজোটগুলো দুর্বল হয়ে পড়া, প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে নৌবহর সরিয়ে নেওয়া এবং সামরিক বাহিনীকে রাজনৈতিকীকরণের ফলে যুক্তরাষ্ট্র ও পশ্চিমা দেশগুলো তাদের প্রতিদ্বন্দ্বীদের সামনে আরও ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। ইসনা-এর বরাতে পার্সটুডে জানিয়েছে, নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, ডোনাল্ড ট্রাম্প ও তাঁর যুদ্ধমন্ত্রী পিট হেগসেথের নীতিগুলো যেমন, ইরানের বিরুদ্ধে আগ্রাসী যুদ্ধের পর গুরুত্বপূর্ণ গোলাবারুদের ঘাটতি, চীনের সঙ্গে উত্তেজনা বাড়ার সময় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে নৌবহর প্রত্যাহার এবং ব্যক্তিগতভাবে অনুগত কর্মকর্তাদের সুবিধা দিতে মার্কিন সামরিক বাহিনীর কমান্ডারদের সরিয়ে দেওয়া- মার্কিন জাতীয় নিরাপত্তাকে "শীতল যুদ্ধের পর সবচেয়ে বিপজ্জনক পরিস্থিতির" মধ্যে ফেলেছে। পত্রিকাটির মতে, এসব পদক্ষেপ পশ্চিমা জোটগুলোর "ধ্বংস" এবং যুক্তরাষ্ট্রের

প্রতিপক্ষদের “সাহস বৃদ্ধি” পাওয়ার পথ তৈরি করেছে। ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে তার প্রশাসন ও মন্ত্রীদের, বিশেষ করে পিট হেগসেথের বর্তমান কর্মকাণ্ডের দিকে ইঙ্গিত করে নিউইয়র্ক টাইমস লিখেছে, “প্রেসিডেন্ট ট্রাম্প মার্কিন জাতীয় নিরাপত্তার যে ক্ষতি করছেন, তা উপলব্ধি করা কঠিন। তিনি দেশকে শীতল যুদ্ধের সবচেয়ে অন্ধকার দিনগুলোর তুলনায় যেকোনো সময়ের চেয়ে বেশি ঝুঁকিপূর্ণ করে তুলেছেন।”
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ নারগীস)

## যুদ্ধের মাশুল; বিশ্ব থেকে বৈজ্ঞানিকভাবেও বিচ্ছিন্ন হচ্ছে ইসরায়েল

ইসরায়েলি সংবাদমাধ্যম ‘ক্যালকালিস্ট’-এর এক প্রতিবেদনে বলা হয়েছে, ইউরোপের গুরুত্বপূর্ণ গবেষণা তহবিল থেকে ইসরায়েলের পাওয়া অর্থের অংশ উল্লেখযোগ্যভাবে কমে গেছে। একইসঙ্গে বিদেশি গবেষকদের ইসরায়েলি প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সহযোগিতা করতে অস্বীকৃতি জানানোর ঘটনাও বেড়েছে। বিজ্ঞান ও প্রযুক্তিকে ইসরায়েল দীর্ঘদিন ধরে নিজেদের শক্তির অন্যতম প্রধান উৎস এবং উন্নয়নের প্রতীক হিসেবে তুলে ধরে আসছে। কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে যুদ্ধ ও আন্তর্জাতিক নিষেধাজ্ঞার কারণে বিভিন্ন দেশের, বিশেষ করে ইউরোপীয় দেশগুলোর সঙ্গে ইসরায়েলি প্রতিষ্ঠানগুলোর বৈজ্ঞানিক সম্পর্ক ও সহযোগিতা কমেছে। এ পরিস্থিতি নিয়ে ইসরায়েলের বৈজ্ঞানিক মহলেও উদ্বেগ তৈরি হয়েছে। এর অন্যতম কারণ হিসেবে প্রতিবেদনে ফিলিস্তিন, লেবানন, সিরিয়া ও ইরানে ইসরায়েলি সামরিক কর্মকাণ্ডের কারণে বিশ্বজুড়ে তৈরি হওয়া ক্ষোভের কথা তুলে ধরা হয়েছে। ইসরায়েলি সংবাদমাধ্যমগুলো দেশটির শিক্ষাবিদদের উদ্ধৃত করে জানিয়েছে, ইউরোপসহ বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয় ও গবেষণা মহলে ইসরায়েলি শিক্ষাবিদদের সঙ্গে বৈজ্ঞানিক সহযোগিতার আগ্রহ কমে যাচ্ছে। প্রতিবেদনে বলা হয়, বিভিন্ন দেশের শিক্ষার্থী ও শিক্ষকরা ইসরায়েলের যুদ্ধনীতি ও মানবিকতাবিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে প্রতিবাদ করছেন। অনেক বিদেশি গবেষক ইসরায়েলি গবেষকদের সঙ্গে সহযোগিতায় যেতে চাইছেন না, কারণ তারা মনে করছেন এর সঙ্গে রাজনৈতিক, গণমাধ্যমগত কিংবা নৈতিক ঝুঁকি জড়িয়ে রয়েছে। ‘ক্যালকালিস্ট’-এর তথ্যমতে, ইসরায়েলি গবেষকদের সঙ্গে বৈজ্ঞানিক সহযোগিতা প্রত্যাখ্যান বা বাধাগ্রস্ত করার নথিভুক্ত ঘটনা ২০২৫ সালের নভেম্বরের ২০টি থেকে ২০২৬ সালের মে মাসে বেড়ে ৫০টিতে দাঁড়িয়েছে। ইসরায়েলের স্যামুয়েল নেমান ইনস্টিটিউটের ২০২৬ সালের একটি প্রতিবেদনও নিষেধাজ্ঞা ও বিশ্ববিদ্যালয়ভিত্তিক প্রতিবাদের চাপ বৃদ্ধির বিষয়টি নিশ্চিত করে এবং এর সম্ভাব্য দীর্ঘমেয়াদি পরিণতি নিয়ে সতর্ক করেছে। যুদ্ধ ও এর ফলে সৃষ্ট সামাজিক অনিরাপত্তার পাশাপাশি আন্তর্জাতিক গবেষকদের সহযোগিতা কমে যাওয়ায় ইসরায়েল থেকে মেধা পাচার বা ‘ব্রেইন ড্রেইন’ বাড়ছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। বিশেষ করে উচ্চশিক্ষিত বিশেষজ্ঞ, একাডেমিক মেধাবী এবং হাই-টেক খাতের দক্ষ কর্মীদের একটি উল্লেখযোগ্য অংশ ইসরায়েল ছেড়ে যাওয়ার প্রবণতা দেখাচ্ছেন। ইসরায়েলি বিশ্লেষকদের আশঙ্কা, এই মেধা পাচারের প্রভাব তাৎক্ষণিক অর্থনৈতিক পরিসংখ্যানে দৃশ্যমান নাও হতে পারে। তবে দীর্ঘমেয়াদে এটি মানবসম্পদের মান, পেটেন্ট নিবন্ধন, প্রযুক্তি কোম্পানির বিকাশ এবং দক্ষ জনশক্তির ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। পরিস্থিতি অব্যাহত থাকলে ইসরায়েল থেকে আরও বেশি মেধাবী মানুষের অভিবাসনের প্রবণতা তৈরি হতে পারে বলেও সতর্ক করা হয়েছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ নারগীস)

## ইরানের সার্বভৌমত্ব লঙ্ঘনের বিরুদ্ধে মুসলিম দেশগুলোর দায়িত্বশীল জবাব দেওয়া উচিত

ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) নতুন মহাসচিবের সাথে এক ফোনালাপে সাইয়্যেদ আব্বাস আরাকচি ইরানের সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতা লঙ্ঘনের বিরুদ্ধে মুসলিম দেশগুলোর দায়িত্বশীল জবাব দেওয়ার এবং ফিলিস্তিনি ও লেবাননি জনগণের অধিকারের প্রতি দৃঢ় সমর্থনের ওপর জোর দিয়েছেন। ইরানিয়ান ব্রডকাস্টিং কর্পোরেশনকে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইসলামী প্রজাতন্ত্র ইরানের পররাষ্ট্রমন্ত্রী সাইয়্যেদ আব্বাস আরাকচি আশা প্রকাশ করেছেন যে, ইসলামী সহযোগিতা সংস্থার নতুন মহাসচিব এই সংস্থার সক্ষমতাকে কাজে লাগিয়ে মুসলিম বিশ্বের ঘটনাবলি ও চ্যালেঞ্জ মোকাবেলায় মুসলিম দেশগুলোর ঐক্য ও সমন্বয় শক্তিশালী করতে ভূমিকা পালন করবেন। এই ফোনকলে, আরাকচি ইরানের বিরুদ্ধে মার্কিন ও আগ্রাসনের পরিপ্রেক্ষিতে সৃষ্ট সর্বশেষ আঞ্চলিক ঘটনাবলি সম্পর্কে ইসলামী সহযোগিতা সংস্থার মহাসচিবকে অবহিত করেন এবং ইরানের সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতা লঙ্ঘনের বিরুদ্ধে মুসলিম দেশগুলোর দায়িত্বশীল জবাব দেওয়ার এবং শক্তি ও আগ্রাসনের মোকাবিলা করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। ইরানের পররাষ্ট্রমন্ত্রী মুসলিম বিশ্বের সম্মুখীন হওয়া মারাত্মক সব চ্যালেঞ্জ ও প্রতিবন্ধকতার কথাও উল্লেখ করেন, বিশেষ করে ফিলিস্তিন ও লেবাননে ইসরায়েলি অব্যাহত আগ্রাসন ও অপরাধের কথা বলেন এবং ফিলিস্তিনি ও লেবানীয় জনগণের অধিকারের প্রতি দৃঢ় সমর্থনের এবং এই ঘটনাবলির জবাবে মুসলিম দেশগুলোর ঐক্যবদ্ধ ও কার্যকর অবস্থান গ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ নারগীস)

# এনএইচকে

## ত্রিপক্ষীয় শান্তি আলোচনা পুনরায় শুরু করার সম্ভাবনা নাকচ করছে না রাশিয়া

রাশিয়ার প্রেসিডেন্ট কার্যালয়ের একজন মুখপাত্র বলেছেন যে , রাশিয়া ইউক্রেন এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে উচ্চ -পর্যায়ের শান্তি আলোচনা পুনরায় শুরু করার সম্ভাবনা নাকচ করে দিচ্ছে না। শনিবার মস্কোতে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ এবং ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনারের সঙ্গে বৈঠক করেন। পরেরদিন কিইভে মার্কিন আলোচকরা ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে বৈঠক করেন। মুখপাত্র দিমিত্রি পেসকভ সোমবার বলেন , "যে-কোনো প্রচেষ্টাই কমবেশি কার্যকর এবং এটি শান্তির দিকে একটি ছোটো পদক্ষেপ ছিল।" তবে তিনি আরও বলেন যে, স্থান এবং সঠিক সময় নিয়ে কথা বলার সময় এখনও আসেনি। মধ্যপ্রাচ্যের সংঘাতের কারণে উচ্চ-পর্যায়ের ত্রিপক্ষীয় আলোচনা স্থগিত রয়েছে। আলোচনার পর এক সংবাদ সম্মেলনে জেলেনস্কি রাশিয়ার সঙ্গে স্থবির হয়ে পড়া শান্তি আলোচনায় একটি অগ্রগতির ব্যাপারে আশা প্রকাশ করে বলেন, মার্কিন প্রতিনিধিরা আলোচনা প্রক্রিয়া পুনরায় শুরু করেছেন। সেখানে উপস্থিত উইটকফ বলেন, "উভয় পক্ষকেই কিছু আপোশ করতে হবে এবং তাদের মধ্যকার ব্যবধানগুলো কমিয়ে আনতে হবে।"
(এনএইচকে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### হাম সংকটে মৃত্যু ৯৯৯, থামানো যাচ্ছে না কেন?

প্রায় ছয় মাস পেরিয়ে গেলেও বাংলাদেশে হামে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা কমছে না। মহামারি বিশেষজ্ঞ মাহমুদুর রহমান বলছেন, হাম এখন সরকারের অগ্রাধিকার তালিকা থেকে অনেকটাই হারিয়ে গেছে। তবে একমত নন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য মন্ত্রণালয় বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার। বিশেষজ্ঞরা বলছেন, এখন প্রায় সব বয়সি শিশুর মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়েছে। তাই প্রমাণভিত্তিকভাবে টিকাদানের বয়সসীমা অন্তত ১৫ বছর পর্যন্ত বাড়ানো, মাঠপর্যায়ে মাইক্রোপ্ল্যানিং জোরদার এবং কমিউনিটি পর্যায়ে নজরদারি ছাড়া এ প্রাদুর্ভাব থামানো সম্ভব নয় বলে মনে করছেন তারা। মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত দেশে নিশ্চিত ও সন্দেহভাজন হাম -সংশ্লিষ্ট মোট মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৯৯৯। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, সর্বশেষ ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত হয়েছে ১ হাজার ২১৬ জন। এ নিয়ে হাম ও হামের উপসর্গে আক্রান্ত শিশুর সংখ্যা হলো ১ লাখ ৮৫ হাজার ৬০। দেশে গত বছর অর্থাৎ ২০২৫ সালে হামে আক্রান্ত রোগীর সংখ্যা ছিল ১৩২। আগের বছরগুলোর মধ্যে ২০২৪ সালে ২৪৭, ২০২৩ সালে ২৮২, ২০২২ সালে ৩১১ জন হামে আক্রান্ত হয়েছিল। মৃত্যুর রেকর্ড নেই।

**'ছিটেফোঁটা টিকা দিয়ে ৯৫ শতাংশ কভারেজ হবে না'**

জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. মোহাম্মদ মুশতাক হোসেন ডয়চে ভেলেকে বলেন , "হাম নিয়ন্ত্রণের কৌশল হাসপাতাল বা আইসিইউকেন্দ্রিক না হয়ে কমিউনিটি পর্যায়ে হতে হবে। কমিউনিটির সম্পৃক্ততা ছাড়া রোগী শনাক্ত , প্রতিরোধ ও আইসোলেশন কার্যকরভাবে করা সম্ভব নয়। রোগী আইসিইউতে পৌঁছানোর পর মৃত্যু কমানো র সুযোগও সীমিত হয়ে যায়। জরুরি পরিস্থিতিতে বাড়ি বাড়ি গিয়ে টিকা দেওয়া ঠিক হলেও দীর্ঘমেয়াদে ইপিআইয়ের প্রচলিত মাইক্রোপ্ল্যানিং পদ্ধতিতে ফিরতে হবে। অর্থাৎ প্রতিটি শিশুর তালিকা তৈরি করতে হবে, কে টিকা পাবে, তা নির্ধারণ করতে হবে এবং তাদের বাড়ির কাছের টিকাকেন্দ্রের তথ্য আগে থেকেই জানিয়ে দিতে হবে। ছিটেফোঁটা টিকা দিয়ে কখনোই ৯৫ শতাংশ কভারেজ হবে না। আধুনিক জনস্বাস্থ্যে 'যা হয় হবে' ধরনের কৌশলের কোনো জায়গা নেই। পাঁচ থেকে ১৫ বছর বয়সি শিশুদেরও টিকার আওতায় আনতে হবে। কারণ এ বয়সি শিশুরাও আক্রান্ত হচ্ছে। হামকে গুরুত্ব না দিলে পরিস্থিতি আরও জটিল হবে এবং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তিও ক্ষতিগ্রস্ত হতে পারে। বিশ্বের বিভিন্ন দেশে হামের প্রাদুর্ভাব থাকলেও বাংলাদেশের মতো উচ্চ মৃত্যুহার দেখা যাচ্ছে না। এটি রোগী ব্যবস্থাপনা ও প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে ব্যর্থতার ইঙ্গিত দেয়।"

**'সংক্রমণ এখন প্রায় সব বয়সি শিশুর মধ্যেই রয়েছে'**

জাতীয় হাম ও রুবেলা নির্মূল যাচাই কমিটির চেয়ারম্যান ও মহামারি বিশেষজ্ঞ অধ্যাপক মাহমুদুর রহমান ডয়চে ভেলেকে বলেন, "বর্তমান পরিস্থিতিতে হাম কমার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। কারণ সংক্রমণ এখন প্রায় সব বয়সি শিশুর মধ্যেই রয়েছে। ছয় থেকে নয় মাস, নয় মাস থেকে এক বছর এবং এক থেকে পাঁচ বছর সব বয়সি শিশুর মধ্যেই সংক্রমণ রয়েছে। কোথাও কোথাও সামান্য কমলেও তা উল্লেখযোগ্য নয়। এতে বোঝা যায় , ঘোষিত টিকাদান কভারেজ বাস্তবে কার্যকরভাবে প্রতিফলিত হয়নি। ১০৩ শতাংশ কাভারেজের দাবি বাস্তবতার সঙ্গে মে লে না। লক্ষ্য নির্ধারণেই অসঙ্গতি থাকলে কাভারেজের হিসাবও বিভ্রান্তিকর হতে পারে। শুধু টিকা সরবরাহ করলেই হবে না। মায়েদের শিশুদের টিকাকেন্দ্রে নিয়ে আসতে উদ্বুদ্ধ করতে ব্যাপক জনসচেতনতা প্রয়োজন। বিশেষ করে ছয় মাসের কম বয়সি শিশুদের জ্বর হলে দ্রুত শনাক্ত ও আলাদা রা খার বিষয়েও গুরুত্ব দিতে হবে। হাম এখন সরকারের অগ্রাধিকার তালিকা থেকে অনেকটাই হারিয়ে গেছে।" তবে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিষয়টি দেখছে বলে ডয়চে ভেলেকে জানান প্রধানমন্ত্রীর স্বাস্থ্য মন্ত্রণালয় বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার। তিনি বলেন , "এখন যে-সব শিশুর শরীরে ইউমিনিটি নেই, অনেকে আবার একেবারে শেষ পর্যায়ে হাসপাতালে আসছে, ফলে মৃত্যুর সংখ্যা কমছে না। আমরাতো টিকা দিয়েছি। এখন কেউ প্রশ্ন করতে পারে টিকার কার্যকারিতা নিয়ে। এটা নিয়েও কাজ হচ্ছে। যারা টিকা পেয়েছে , তাদের থেকে রক্ত সংগ্রহ করে পরীক্ষা করা হচ্ছে। এই রিপোর্ট পেতে কিছুদিন সময় লাগবে। আমরা প্রতিটি উপজেলায় টিকা মজুত করেছি, যাতে যে কেউ চাইলেই টিকা দিতে পারে। সব মিলিয়ে সরকারের চেষ্টায় ঘাটতি নেই।"

**'অন্য রোগের ইমিউনিটি ধ্বংস করে হাম'**

জনস্বাস্থ্যবিদ ও টিকা বিশেষজ্ঞ ডা. তাজুল ইসলাম এ বারী ডয়চে ভেলেকে বলেন, "প্রথমে আমাদের বুঝতে হবে, হাম হলো এমন একটি ছোঁয়াচে রোগ, যা অন্য ২০০ রোগের মধ্যে সবচেয়ে বেশি ছোঁয়াচে। একজন হাম রোগী ১৮ জনকে আক্রান্ত করতে পারে। এত মানুষকে আক্রান্ত করার ক্ষমতা অন্য কোনো ছোঁয়াচে রোগের নেই। দ্বিতীয়ত, হাম হলে শরীরে যত ধরনের রোগ প্রতিরোধ ক্ষমতা আছে, সবকিছু নষ্ট হয়ে যায়। অর্থাৎ শরীরে অন্য রোগের যে ইমিউনিটি থাকে, সেটাকে হাম ধ্বংস করে দেয়। হামে ১০০ জনের মধ্যে ৭৩ জনের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ইরেজ করে দেয়। ফলে ওই শিশুটির তখন অন্য রোগ হচ্ছে। বিশেষ করে নিউমোনিয়া, ডায়রিয়া। এখন দ্রুত তার চিকিৎসা দিতে না পারলে তাকে বাঁচানো সম্ভব নয়। যে-সব শিশু মারা যাচ্ছে, তাদের কিন্তু হামের পাশাপাশি অন্য রোগও হচ্ছে, সেই কারণেও তাদের মৃত্যু হচ্ছে।"

**সব শিশু হামের টিকা পেয়েছে?**

মার্চের প্রথম দিকে হামের প্রাদুর্ভাব শুরুর পর গত এপ্রিলে সরকার ৬ মাস থেকে ৫ বছর বয়সি শিশুদের হামের টিকাদানে বিশেষ ক্যাম্পেইন শুরু করেছিল। সেই সময় সারা দেশের অন্তত এক কোটি ৮০ লাখ ১৫ হাজার শিশুকে টিকার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এরপর জুন মাসে একই বয়সসীমার শিশুদের ভিটামিন 'এ' খাওয়ানোর কর্মসূচি শুরু হয়। তখন দেখা যায়, শিশুর সংখ্যা ছিল ২ কোটি ২৬ লাখ।এরপরই প্রশ্ন ওঠে, তাহলে ৪৬ লাখ শিশু হামের টিকা থেকে বাদ পড়লো কিনা। যদিও প্রধানমন্ত্রীর স্বাস্থ্য মন্ত্রণালয় বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার এই ৪৬ লাখ শিশু আদৌ বাদ পড়েছে কিনা সেই প্রশ্ন তুলেছেন। ডয়চে ভেলেকে তিনি বলেন, 'ভিটামিন 'এ' ক্যাম্পেইনে যে বেশি শিশু এসেছে, তাদের সবার বয়স যে ৫ বছরের নিচে, সেটাও তো নিশ্চিত নয়। এমনও তো হতে পারে ৫ বছরের বেশি বয়সি অনেক শিশু ভিটামিন 'এ' ক্যাম্পেইনের আওতায় এসেছে। আসলে এসব ব্যাপারে নিশ্চিত তথ্য পেতে হলে জরিপ করা প্রয়োজন।" বিশ্ব স্বাস্থ্য সংস্থা ডাব্লিউএইচও বলছে, সংক্রমণের শৃঙ্খল ভাঙতে অন্তত ৯৫ শতাংশ শিশুকে দুই ডোজ টিকার আওতায় আনতে হয়। তখন কোনো এলাকায় অল্পসংখ্যক টিকা না পেলেও সংক্রমণ সহজে ছড়াতে পারে না। এবার বাংলাদেশে যে বড়ো প্রাদুর্ভাব দেখা দিয়েছে, সেটিও মূলত এই ইমিউনিটি গ্যাপের ফল বলে আন্তর্জাতিক সংস্থাগুলো মনে করেছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. লেলিন চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "প্রথমত, বিপুলসংখ্যক শিশু আমাদের টিকাদানের বাইরে থেকে গেছে। ফলে তাদের শরীরে হার্ড ইউমিনিটি তৈরি হয়নি। দ্বিতীয়ত, আমরা দেখছি, ৬ মাসের কম বয়সি শিশুও হামে আক্রান্ত হচ্ছে। তারা কেন আক্রান্ত হচ্ছে? কারণ তাদের মা হামের টিকা পায়নি। ফলে শিশুর শরীরেও হামের ইউমিনিটি তৈরি হয়নি। তারাও আক্রান্ত হচ্ছে। এটা একটা দিক। আরেকটা দিক হচ্ছে, আমাদের ৪০ লাখের মতো পথশিশু রয়েছে। তারা হামের টিকা পায়নি। আপনি যদি ৯৫ শতাংশ শিশুকে টিকার আওতায় না আনতে পারেন, তাহলে শিশুদের আক্রান্ত হওয়া বা মৃত্যু ঠেকানো সম্ভব নয়।"

**হাসপাতালগুলোর অবস্থা**

কয়েকদিন ধরে ৩ বছর বয়সি মেয়ের জ্বর থাকায় গত বৃহস্পতিবার তাকে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে নিয়ে যান রফিকুল ইসলাম। প্রথমে স্বাভাবিক জ্বর মনে করলেও পরে তিনি দেখেন মেয়ের শরীরে র্যাশ উঠেছে। হাসপাতালে নেওয়ার পর জরুরি বিভাগের চিকিৎসকরা নিশ্চিত করেন তার মেয়ের হাম উঠেছে। দ্রুত তারা হাসপাতালে ভর্তি করে নেন। এখন মেয়ের অবস্থার উন্নতি হয়েছে বলে জানালেন রফিকুল। তিনি বলেন, "চিকিৎসকরা বলেছেন, আমরা দ্রুত হাসপাতালে নেওয়ার পরিস্থিতি খারাপের দিকে যায়নি। আর দু'একদিন দেরি করলেই পরিস্থিতির চরম অবনতি হতে পারত বলে চিকিৎসকরা জানিয়েছেন।" শিশু হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. মির্জা মো. জিয়াউল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "আমরা যথাসম্ভব রোগীর চিকিৎসা দেওয়ার চেষ্টা করছি। কিন্তু আমাদেরও সীমাবদ্ধতা আছে। আমরা চাইলেই তো সব রোগীকে ভর্তি করতে পারছি না। তবে সব রোগীকে প্রাথমিক পরামর্শ দেওয়া হচ্ছে। পাশাপাশি যে-সব রোগীর অবস্থার বেশি খারাপ, তাদের ভর্তি করে নেওয়া হচ্ছে।" এতদিনেও কেন হাম নিয়ন্ত্রণ করা যাচ্ছে না, জানতে চাইলে জিয়াউল ইসলাম বলেন, "অধিকাংশ ক্ষেত্রেই আমরা দেখেছি, শিশুর অবস্থা একেবারে খারাপের দিকে গেলে, তখন হাসপাতালে নেওয়া হচ্ছে। যে শিশুরা এখানে আসছে, তাদের অধিকাংশের হামের টিকা নেওয়া নেই। ফলে তাদের শরীরে ইউমিনিটি গড়ে উঠেনি। এ কারণেই মৃত্যুর সংখ্যা বেশি।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রনি)

## 'আইনজীবীদের আয় কমে গেছে' শুনে এজলাস ছাড়লেন প্রধান বিচারপতি

এক আইনজীবীকে পাঁচ লাখ টাকা জরিমানার আদেশ চলাকালে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি এ এম মাহবুব উদ্দিন খোকনের কিছু মন্তব্যের জেরে এজলাস ছেড়ে যান প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও আপিল বিভাগের অপর চার বিচারক। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারের খবর অনুযায়ী, আজ মঙ্গলবার দুপুরে নিকাহ রেজিস্ট্রার নিয়োগ-সংক্রান্ত একাধিক রিটের আপিল শুনানির সময় এ ঘটনা ঘটে। তবে ঘটনার সময় সাংবাদিকেরা সেখানে ছিলেন না। কারণ চলতি বছরের ৭ জানুয়ারি থেকে বিচার চলাকালে আদালতকক্ষে সাংবাদিকদের প্রবেশে নিষেধ। জানা গেছে, শুনানির সময় ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন প্রধান বিচারপতিকে বলেন,

জুবায়ের রহমান চৌধুরী প্রধান বিচারপতি হওয়ার পর থেকে আইনজীবীদের আয় কমে গেছে। পাঁচ লাখ টাকা জরিমানা হওয়া এক জুনিয়র আইনজীবীর প্রতি নমনীয়তা দেখানোর আর্জি জানানোর সময় তিনি এ মন্তব্য করেন।

**'সম্মানের সঙ্গে বলেছিলাম...'**

পরে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে সাংবাদিকদের মাহবুব উদ্দিন খোকন বলেন, "আমি সম্মানের সঙ্গে বলেছিলাম, তিনি প্রধান বিচারপতি হওয়ার পর আগের মতো মামলাগুলোর শুনানি হচ্ছে না। এর ফলে আইনজীবীদের আয় কমে গেছে। একজন জুনিয়র আইনজীবীর ওপর পাঁচ লাখ টাকা খরচা আরোপ করাটা অনেক বেশি। আমি তাকে (আইনজীবীকে) ক্ষমা করে দেওয়ার আর্জি জানিয়েছিলাম।" সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি বলেন, "এই মন্তব্যের পর প্রধান বিচারপতি জানতে চান যে তার নিয়োগের পর সত্যিই আইনজীবীদের আয় কমেছে কি না।"

**'আগে ১১ জন বিচারপতির সমন্বয়ে তিনটি বেঞ্চ ছিল, এখন একক বেঞ্চ'**

জবাবে মাহবুব উদ্দিন খোকন প্রধান বিচারপতিকে বলেন, "আপিল বিভাগে আগে ১১ জন বিচারপতির সমন্বয়ে তিনটি বেঞ্চ ছিল, যেখানে আরো বেশি মামলার শুনানি সম্ভব হতো। এখন একক বেঞ্চ থাকায় মামলার শুনানির জন্য আইনজীবীদের দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়।" তিনি আরো বলেন, "আপিল বিভাগে কোনো মামলা কেন ওপর থেকে নিচে নেমে গেল বা কেন এর শুনানি হচ্ছে না- তা উল্লেখ (মেনশন) করার কোনো সুযোগ নেই।" এই পরিস্থিতির কারণে বিচারপ্রার্থী ও আইনজীবী উভয়েই চরম ভোগান্তির শিকার হচ্ছেন বলে জানিয়ে তিনি বলেন, "মামলার শুনানি না হওয়ায় মানুষ দীর্ঘ সময় ধরে বিচার থেকে বঞ্চিত হচ্ছে। আইনজীবীরা যদি কম মামলা পান, তবে তারা আয় করবেন কীভাবে? তাদের আয় অনেক কমে গেছে।" মাহবুব উদ্দিন খোকন জানান, তার মন্তব্যের পর প্রধান বিচারপতি এত কড়া প্রতিক্রিয়া দেখাবেন এটা তিনি আশা করেননি। তিনি আরো বলেন, আইনজীবীদের প্রতিনিধি হিসেবে প্রধান বিচারপতির সামনে তাদের অবস্থা তুলে ধরা তার দায়িত্ব।

**যে কারণে জুনিয়র আইনজীবীর পাঁচ লাখ টাকা জরিমানা**

তথ্য গোপন এবং নিকাহ রেজিস্ট্রার নিয়োগ নিয়ে একই বিষয়ে একাধিক রিট পিটিশন দায়েরের অভিযোগে আপিল বিভাগ রিট আবেদনকারী মো. নূর আলম এবং তার আইনজীবী সুফিয়া আহমেদকে ৫ লাখ করে মোট ১০ লাখ টাকা খরচা আরোপ (জরিমানা) করেন। আদালত আগামী ৩০ দিনের মধ্যে এই টাকা ঢাকা শিশু হাসপাতালে জমা দেওয়ার নির্দেশ দেন। মূলত এই আদেশ চলাকালেই বিতর্কের সূত্রপাত। আদালতে নূর আলমের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী মাহবুব উদ্দিন খোকন। অন্যদিকে, আরেক নিকাহ রেজিস্ট্রার মিজানুর রহমান মুরাদের পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী অনীক আর হক, মোহাম্মদ শিশির মনির এবং আইনজীবী অমিত দাস গুপ্ত। আপিল বিভাগে ঠিক কী ঘটেছিল এবং প্রধান বিচারপতি কেন এজলাস ত্যাগ করেছিলেন- এ বিষয়ে অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল সাংবাদিকদের বলেন, "দুপুর ১২টা ৩০ মিনিটের দিকে সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি এ এম মাহবুব উদ্দিন খোকন আপিল বিভাগে আসেন এবং বলেন আদালত এক আইনজীবীকে জরিমানা করেছেন। জবাবে প্রধান বিচারপতি বলেন, দেখুন, আমরা সবকিছু বিবেচনা করেই আদেশ দিয়েছি। আমরা আমাদের আদেশ পরিবর্তন করব না।" অ্যাটর্নি জেনারেল বলেন, "ওই আইনজীবী আদালতের সঙ্গে প্রতারণা করেছেন এবং এমনকি সুপ্রিম কোর্টের আপিল বিভাগের একটি আগের আদেশও অমান্য করেছেন। এ পরিস্থিতিতে প্রধান বিচারপতি তাকে (খোকন) এ ধরনের কথা না বলতে বলেন।" কিন্তু অপ্রত্যাশিতভাবে মাহবুব উদ্দিন খোকন বলেন, "আপনি প্রধান বিচারপতি হওয়ার পর থেকে আইনজীবীদের আয়-রোজগার কমে গেছে।" অ্যাটর্নি জেনারেলের ভাষ্য, প্রধান বিচারপতি প্রথমে মন্তব্যটিকে হালকাভাবে নিলেও পরে জিজ্ঞাসা করেন, "আপনি কি সত্যিই এ ই কথা বোঝাচ্ছেন?" কিন্তু বার অ্যাসোসিয়েশনের সভাপতি একই ধরনের মন্তব্য করতে থাকেন বলে জানান অ্যাটর্নি জেনারেল। তখন প্রধান বিচারপতি তাকে বলেন, "আপনি যা বলেছেন, তা আদালত অবমাননার শামিল। যেহেতু আপনি এত গুরুতর একটি মন্তব্য করেছেন, তাই আমি আজকের বিচারিক কার্যক্রমে আর অংশ নেবো না।" অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল জানান, এই কথা বলেই প্রধান বিচারপতি এজলাস কক্ষ ত্যাগ করেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রবি)

## কক্সবাজারে তৈরি হবে ফিফা-অনুমোদিত ফুটবল টেকনিক্যাল সেন্টার

বাংলাদেশের কক্সবাজারের রামুতে নির্মিত হতে চলেছে দেশের প্রথম আন্তর্জাতিক মানের ফিফা-অনুমোদিত ফুটবল টেকনিক্যাল সেন্টার। এই প্রকল্পের জন্য জমি বরাদ্দ হয়েছে। সোমবার বাংলাদেশ ফুটবল ফেডারেশনকে (বাফুফে) ১৫ দশমিক ২০ একর জমি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেছে কক্সবাজার জেলা প্রশাসন। জেলা প্রশাসন ও বাফুফের দেওয়া তথ্যমতে, রামুর রশিদনগর ইউনিয়নের ধলিরছড়া মৌজায় মহাসড়কের পাশে স্বপ্নতরী বিনোদনকেন্দ্র -সংলগ্ন এলাকায় এই টেকনিক্যাল সেন্টার গড়ে তোলা হবে। প্রায় ৮৮ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের কথা রয়েছে। জমি হস্তান্তরের প্রক্রিয়া শেষ হওয়ায় এখন ফিফার অর্থায়নে নির্মাণকাজ শুরুর পথ খুলেছে। ফুটবল দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে এখানে জাতীয় পুরুষ ও নারী দলের পাশাপাশি অনূর্ধ্ব-১৭, অনূর্ধ্ব-২০ ও অনূর্ধ্ব-২৩ দলগুলোর প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। খেলোয়াড় উন্নয়নের পাশাপাশি কোচিং শিক্ষা ও স্পোর্টস সায়েন্সভিত্তিক কার্যক্রম পরিচালিত হবে। থাকবে টার্ফ এবং ঘাসের মাঠ, জিম, আবাসিক ভবনসহ একাধিক সুবিধা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রবি)

## ইতালিতে আক্রান্ত হয়েছেন অভিনেত্রী বাঁধন

ইতালিতে হামলা ও হেনস্তার শিকার অভিনেত্রী আজমেরী হক বাঁধন। তাকে জল, সফট ড্রিংক ও ডিম ছুড়ে মারা হয়েছে বলে অভিযোগ। শারীরিকভাবেও তাকে আক্রান্ত হতে হয়েছে বলে জানিয়েছেন অভিনেত্রী। প্রথম আলোকে বাঁধন জানান, তার হাত থেকে মোবাইল কেড়ে নিয়ে ফেলে দেওয়া হয়। ঘটনার সময় তার ভাইয়ের শিশু সন্তানও সঙ্গে ছিল। হামলার পর স্থানীয় থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। বাঁধনের অভিযোগ, ২০২৪ সালের জুলাই-আগস্টের ছাত্র-জনতার আন্দোলনে তার সক্রিয় ভূমিকার কারণেই তাকে লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। হামলাকারীদের কয়েকজন নিজেদের আওয়ামী লীগ ও ছাত্রলীগের কর্মী এবং 'বঙ্গবন্ধুর সৈনিক' হিসেবে পরিচয় দিয়েছেন বলে জানান তিনি। ঘটনার প্রতিবাদ জানিয়ে বাঁধন বলেন, 'একজন আজমেরী হক বাঁধনকে দমানো এত সহজ হবে না। আপনারা আজ সারা বিশ্বের মানুষকে দেখালেন, বাংলাদেশের প্রতিনিধিত্বকারী একজন অভিনেত্রীকে হেনস্তা করা হলো।'
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রনি)

# জাগো নিউজ

## মৈত্রী এক্সপ্রেস নিয়ে শিগ্‌গির সুখবর, যে-কোনো সময় চালুর তারিখ ঘোষণা

ঢাকা-কলকাতা রুটের মৈত্রী এক্সপ্রেস ট্রেন পুনরায় চালুর বিষয়ে শিগ্‌গির সুখবর আসতে পারে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। তিনি বলেন, ট্রেনটি চালুর বিষয়ে দুই দেশের মধ্যে আলোচনা চলছে। খুব শিগ্‌গির নির্দিষ্ট তারিখ ঘোষণা করা সম্ভব হবে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলমের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতীয় হাইকমিশনার। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। দীনেশ ত্রিবেদী বলেন, 'এখন আমরা এরোপ্লেনে (বিমান) যাই, ওইটা হচ্ছে একটা আলাদা ক্লাস। সেখানে কোনো সমস্যা নেই। কিন্তু সাধারণ মানুষ সড়ক, রেল দিয়ে যাতায়াত করে। আমি তো রেলমন্ত্রী ছিলাম। রেলমন্ত্রী মানে সাধারণ মানুষ।' রেলের সাধারণ যাত্রীদের প্রসঙ্গে তিনি বলেন, 'একটা ট্রেন ছিল, যার নাম ছিল গরিব রথ। মানে যারা একদম সাধারণ মানুষ, তারা রেলে যায়।' তিনি বলেন, 'তাহলে আমাদের দায়িত্ব এটাই হচ্ছে যে, রেল মাঝে হোয়াটএভার বি দ্য রিজন, বন্ধ ছিল। কিন্তু ফ্রেট (মালবাহী ট্রেন) বন্ধ হয়নি। ফ্রেট তো আমি শুনলাম যে অলমোস্ট ডাবল হয়ে গেছে। ওটা খুবই ভালো কথা। তার মানে ট্রেড চলছে।' মালবাহী ট্রেনের এই অগ্রগতিকে ইতিবাচক উল্লেখ করে তিনি বলেন, 'আরও কীভাবে আমরা ওই ট্রেডটা এগিয়ে নিয়ে যেতে পারি। তাহলে সড়ক, রেল আর জল।' মৈত্রী এক্সপ্রেস চালুর বিষয়ে দীনেশ ত্রিবেদী বলেন, 'আর মনে হচ্ছে খুব শিগগির আমরা একটা ভালো খবর দিতে পারব, মৈত্রী এক্সপ্রেসের।' তিনি বলেন, 'অনেক কিছু আছে, খবরের কাগজে আমি দেখলাম। আর ওই দিশাতে আমরা একটা শুভ খবর, আমার মনে হচ্ছে, আসছে। আর খুব শিগ্‌গির আসবে। চেষ্টা হচ্ছে আর্লিয়েস্ট।' হাইকমিশনার বলেন, 'খুব শিগ্‌গির আমরা একটা ফিক্সড ডেট দিয়ে দিতে পারব।' ট্রেনটি কবে থেকে চালু হবে, সে বিষয়ে নির্দিষ্ট তারিখ যে-কোনো সময় ঘোষণা হতে পারে বলে জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## শাহজালালের তৃতীয় টার্মিনাল চালু ১৬ ডিসেম্বর : বিমানমন্ত্রী

আগামী ১৬ ডিসেম্বর হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালু হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। তিনি বলেন, প্রাথমিক পর্যায়ে দুই-একটি ফ্লাইট পরিচালনার মাধ্যমে এর কার্যক্রম শুরু হবে এবং পরবর্তীতে ধাপে ধাপে তা পূর্ণাঙ্গ রূপ পাবে। টার্মিনালটি পুরোপুরি চালু হলে শাহজালালের যাত্রী হ্যান্ডলিং সক্ষমতা প্রায় চার গুণ বৃদ্ধি পাবে এবং সর্বোচ্চ ২৫০টি এয়ারক্রাফট পরিচালনার অবকাঠামোগত সুবিধা তৈরি হবে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) তৃতীয় টার্মিনাল পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে এসব তথ্য জানান বিমানমন্ত্রী। হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নাম পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই জানিয়ে এম রশিদুজ্জামান মিল্লাত বলেন, নাম পরিবর্তনের বদলে তৃতীয় টার্মিনাল দ্রুত চালু করাই সরকারের মূল লক্ষ্য। মন্ত্রী বলেন, জাপানি কনসোর্টিয়ামের সঙ্গে আলোচনার পর এই প্রকল্পের রাজস্বে বাংলাদেশের অংশ ১৫ শতাংশ থেকে বাড়িয়ে ২৭ শতাংশ করা হয়েছে। একইসঙ্গে প্রকল্পের প্রায় ৯০০ কোটি টাকা ঋণের কিস্তি পরিশোধের প্রক্রিয়াও শুরু হয়েছে। যাত্রীসেবার মান নিশ্চিতে কঠোর পদক্ষেপের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, বিমান অবতরণের ১৫ মিনিটের মধ্যে যাত্রীর হাতে লাগেজ পৌঁছানো নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে, ব্যর্থতায় সিভিল এভিয়েশনের পক্ষ থেকে জরিমানার ব্যবস্থা থাকবে। থার্ড টার্মিনালের ৫০ শতাংশ গ্রাউন্ড হ্যান্ডলিং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালনা করবে জানিয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন, উন্নত অবকাঠামোর ফলে বিদেশি বিনিয়োগকারীদের কাছে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি ফুটে উঠবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## হাসিনাকে ফিরিয়ে আনতে অনড় সরকার, ভারতের কাছে প্রত্যাশা 'মুখ বন্ধ রাখা'

শেখ হাসিনাকে ভারত থেকে ফেরত আনার বিষয়ে সরকারের অবস্থান স্পষ্ট ও অনড় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। তিনি বলেন, শেখ হাসিনা নিজে আসুন বা সরকার তাকে ফিরিয়ে আনুক, তাকে দেশে ফিরিয়ে আনার বিষয়ে কোনো কৌশল নেই। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সরকারের বিভিন্ন কার্যক্রমের

অগ্রগতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। জাহেদ উর রহমান বলেন, শেখ হাসিনাকে সরকার ফিরিয়ে আনতে চায় কি না- এ নিয়ে কেউ কেউ যে ধরনের অনুমান করছেন, তা সঠিক নয়। ভারতের ওপর চাপ তৈরির জন্য প্রত্যর্পণের দাবি তোলা হচ্ছে - এমন কোনো কৌশল সরকারের নেই। ভারত সরকারের সঙ্গে বিষয়টি শর্ত হিসেবে দেওয়া হয়েছিল এবং সেটিকে গুরুত্বের সঙ্গে নেওয়ার কথা ব লা হয়েছিল। তিনি বলেন, আমরা প্রায়ই বলছি, আপনি (শেখ হাসিনা) আসবেন না, আপনাকে ধরে নিয়ে আসতে চাই। আপনি আসামি, আপনি পলাতক আসামি, মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি। শেখ হাসিনার আপিলের সুযোগ নিয়েও কথা বলেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা। তিনি বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রধান প্রসিকিউটর জানিয়েছেন, শেখ হাসিনার এখন আর আপিল করার সুযোগ নেই। ফলে তিনি দেশে ফিরে বিচার পুনর্বিবেচনার সুযোগও পাবেন না। জাহেদ উর রহমান বলেন, টেকনিক্যালি এখন ব্যাপারটা এ রকম তিনি আসবেন এবং তার জন্য মৃত্যুদণ্ড অপেক্ষা করছে। আমরা তাকে ধরে আনতে চাই। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতির সঙ্গে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাৎ

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত দীনেশ ত্রিবেদী। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বঙ্গভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন এদিন দুপুরে এক পোস্টে এ তথ্য জানায়। এ সময় হাইকমিশনার রাষ্ট্রপতিকে উষ্ণ অভ্যর্থনা জানান এবং বাংলাদেশের জনগণের সেবায় তার সাফল্য কামনা করেন। রাষ্ট্রপতির সঙ্গে হাইকমিশনারের আলোচনায় অভিন্ন ইতিহাস, ঘনিষ্ঠ সাংস্কৃতিক বন্ধন এবং জনগণের পারস্পরিক সম্পর্কের ওপর ভিত্তি করে বাংলাদেশ ও ভারতের মধ্যকার গভীর বন্ধনের বিষয়টি তুলে ধরা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## লোডশেডিং কমেছে: জাহেদ উর রহমান

দেশে বিদ্যুতের চাহিদা বাড়লেও লোডশেডিং কমেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। তিনি বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে বিদ্যুতের চাহিদা বাড়া স্বাভাবিক। ২০২৩ সালের জুনের তুলনায় চলতি বছরের জুনে বিদ্যুতের চাহিদা বেশি হলেও লোডশেডিংয়ের পরিমাণ কমেছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। জাহেদ উর রহমান বলেন, গ্রোথ যখন হতে থাকে, তার সঙ্গে তাল মিলিয়ে বিদ্যুতের ডিমান্ডও বাড়ে। এটা একটা বেসিক। ২০২৩ সালের জুনের চাইতে এখনকার জুনে বিদ্যুতের ডিমান্ড বেশি। কিন্তু লোডশেডিং কম। তিনি জানান, জুলাই মাসের ক্ষেত্রেও একই পরিস্থিতি ছিল। তবে আগস্টে বিভিন্ন ঘটনার কারণে বিদ্যুৎ পরিস্থিতির অবনতি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## ধর্মীয় সম্প্রীতি নষ্টের অপচেষ্টা, তবু অটুট থাকবে সৌহার্দ্য: রিজভী

দেশের ধর্মীয় সম্প্রীতি বিনষ্ট করতে বিভিন্ন সম য়ে নানা অপশক্তি ও ষড়যন্ত্রকারীরা সক্রিয় হয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তবে এসব অপচেষ্টার পরও দেশের বিভিন্ন ধর্মাবলম্বী মানুষের মধ্যে দীর্ঘদিনের যে সৌহার্দ্য ও পারস্পরিক শ্রদ্ধাবোধ রয়েছে, তা ভবিষ্যতেও অটুট থাকবে বলে আশা বাদ ব্যক্ত করেছেন তিনি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সকালে রাজধানীর জিয়া উদ্যানে শ হিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। ধর্ম মন্ত্রণালয়ের হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও খ্রি স্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এই শ্রদ্ধা নিবেদন কর্মসূচির আয়োজন করে। রিজভী বলেন, দেশের ধর্মীয় বিষয়গুলো দেখ -ভাল ও সংশ্লিষ্ট জনগোষ্ঠীর কল্যাণে কাজ করার জন্য বিভিন্ন ধর্মীয় ট্রাস্ট গঠন করা হয়েছে। বিএনপি রাজনৈতিক দল হিসেবে সব ধর্ম ও সম্প্র দায়ের মানুষের জন্য সমান অধিকার ও মর্যাদা নিশ্চিত করার নীতিতে বিশ্বাস করে। আর এই নীতির ভিত্তি স্থাপন করেছিলেন শ হিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। ধর্মীয় সম্প্রীতির গুরুত্ব তুলে ধরে বিএনপির এই নেতা বলেন, দেশের মানুষ দীর্ঘদিন ধরে একে অপরের ধর্মীয় উৎসব ও আয়োজনে অংশ নিয়ে আসছে। পারস্পরিক অংশগ্রহণ ও সহযোগিতার মধ্যদিয়ে সামাজিক বন্ধন আরও দৃঢ় হয়েছে। কিন্তু একটি মহল বিভিন্নভাবে এই সৌহার্দ্যপূর্ণ পরিবেশ নষ্ট করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## বাঁধনের ওপর হামলা প্রমাণ করে তাদের খুনে মানসিকতাবিন্দুমাত্র বদলায়নি

ইতালিতে অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। সংগঠনটি বলছে, ভেনিসে একজন সুপরিচিত সাংস্কৃতিক কর্মী ও জুলাই যোদ্ধার ওপর হামলার মতো জঘন্য অপরাধ প্রমাণ করে যে, তাদের হিংস্র খুনের মানসিকতা বিন্দুমাত্র বদলায়নি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) এক যৌথ বিবৃতিতে এনসিপির আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্যসচিব আখতার হোসেন এসব কথা বলেন। দলের দপ্তর সেলের সদস্য সাদিয়া ফারজানা দিনা স্বাক্ষরিত এক বার্তায় এ তথ্য জানানো হয়। বিবৃতিতে এনসিপির এই দু ই শীর্ষ নেতা বলেন, ‘দেশজুড়ে গণহত্যা ও জুলুম চালিয়ে ছাত্র-জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের মুখে পতন ঘটা আওয়ামী ফ্যাসিবাদী গোষ্ঠী দেশ থেকে পালিয়ে এখন বিদেশের মাটিতে বসে দেশের জুলাই যোদ্ধাদের ওপর রাজনৈতিক

সহিংসতা ও সন্ত্রাসী হামলা ছড়ানোর অপচেষ্টায় লিপ্ত হ য়েছে। ভেনিসে একজন সুপরিচিত সাংস্কৃতিক কর্মী ও জুলাই যোদ্ধার ওপর হামলার মতো জঘন্য অপরাধ প্রমাণ করে যে , তাদের হিংস্র খুনে মানসিকতা বিন্দুমাত্র বদলায়নি। ' (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## কৃষিমন্ত্রীর মায়ের মৃত্যুতে প্রাণিসম্পদ প্রতিমন্ত্রীর শোক

কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদের মা আমেনা বেগমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। মঙ্গলবার (৮ সেপ্টম্বর) দুপুরে ঢাকায় নিজ বাসভবনে ১০৩ বছর বয়সে মারা যান আমেনা বেগম। তিনি দীর্ঘ দিন বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। মৃত্যুকালে তিনি চার ছেলে ও পাঁচ মেয়েসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। শোকবার্তায় প্রতিমন্ত্রী বলেন, আমেনা বেগম ছিলেন একজন স্নেহশীল ও মমতাময়ী মা। তার মৃত্যু পরিবার ও স্বজনদের জন্য অপূরণীয় ক্ষতি। একজন মায়ে র চলে যাওয়া পরিবারের জন্য গভীর বেদনার। মরহুমার স্নেহ , মমতা ও স্মৃতি স্বজনদের মধ্যে চিরদিন বেঁচে থাকবে। প্রতিমন্ত্রী মহান আল্লাহর নিকট মরহুমার বিদেহী আত্মার মাগ ফেরাত কামনা করেন। একইসঙ্গে তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে গুলি: অস্ত্র-গোলাবারুদসহ গ্রেফতার চার, বিস্ফোরক নিষ্ক্রিয়

রাজধানীর যাত্রাবাড়ীর ধলপুরে দুর্বৃত্তদের গুলিতে ইমরান হোসেন (৪০) নামে একেজন নিহত ও মো .জাকারিয়া (৩৩) নামের আরও একজন গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ । এ সময় বিদেশি পিস্তল , গুলি ও দেশীয় অস্ত্রসহ বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয় এবং বোম ডিসপোজাল ইউনিটের মাধ্যমে জব্দ ককটেল সদৃশ বস্তুগুলোকে ডিফিউজ (নিষ্ক্রিয়) করা হয়েছে বলে জানা গেছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ওয়ারী বিভাগে উপ -পুলিশ কমিশনার মল্লিক আহসান উদ্দিন সামি এসব তথ্য জানান। আহসান উদ্দিন সামি বলেন , যাত্রাবাড়ী থানাধীন ধলপুরের বাদল সরদার গলিতে গোলাগুলি ও হত্যাকাণ্ডের ঘটনায় ৪ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় বিদেশি পিস্তল , ম্যাগাজিন, গুলি, ককটেল, চাপাতি, সুইস গিয়ার, মোটরসাইকেল ও মোবাইল জব্দ করা হয়েছে। আজ (মঙ্গলবার) সকাল সাড়ে ৭টার দিকে ঢাকার দক্ষিন কেরানীগঞ্জ এলাকার দক্ষিণপার গেন্ডারিয়া খেজুরবাগ ও ডেমরা থানাধীন পাড়া ডগাইর বায়তুল মুকাদ্দাস এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। তিনি বলেন, এজাহারনামীয় আসামি গ্রেফতার ও আ লামত জব্দের উদ্দেশ্যে যাত্রাবাড়ী থানার একটি আভিযানিক দল ঢাকা জেলার দক্ষিন কেরানীগঞ্জের গেন্ডারিয়া খেজুরবাগ এলাকায় অভিযান চালিয়ে রিয়াজুল ইসলাম রিয়াজ প্রকাশ ওরফে কাইল্লা রিয়াজকে (৩৯) গ্রেফতার করে। এ সময় তার দেওয়া তথ্যে , একটি বিদেশি পিস্তল, দুটি ম্যাগজিন, পাঁচ রাউন্ড গুলি, একটি চাপাতি, দুটি মোবাইল ও একটি মোটরসাইকেল জব্দ করা হয়। গ্রেফতারের দেওয়া তথ্যে ডেমরা থানাধীন পাড়া ডগাইর এলাকায় সকাল সাড়ে ৯টার দিকে অভিযান চালিয়ে আসামি কামরুল ও সাইফুলকে গ্রেফতার করা হয়। এ সময় তাহদের হেফাজত থেকে চারটি চাপাতি, ছয়টি ককটেল, দুটি সুইচ গিয়ার, একটি মোটরসাইকেল ও পাঁচটি মোবাইল জব্দ করা হয়। এর আগে , এ ঘটনায় জড়িত আসামি ডোবা মিঠুকে গ্রেফতার করা হয় জানিয়ে তিনি বলেন, বোম ডিসপোজাল ইউনিটের মাধ্যমে জব্দ ককটেল সদৃশ বস্তুগুলোকে ডিফিউজ করা হয়েছে এবং আলামত সংরক্ষণ করা হয়েছে। গ্রেফতারদের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যাবস্থা প্রক্রিয়াধীন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## সরকারি চাকরির ভাইভায় বেশি নম্বর রাখার সিদ্ধান্তে যা বললেন ডা.জাহেদ

১১ থেকে ২০ গ্রেডের সরকারি চাকরিতে মৌখিক পরীক্ষায় (ভাইভা) বেশি নম্বর রাখার সিদ্ধান্তকে নিয়োগের মানোন্নয়নের সঙ্গে যুক্ত করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা . জাহেদ উর রহমান। একইসঙ্গে ভাইভা যেহেতু তুলনামূলকভাবে বিষয়ভিত্তিক ও ব্যক্তিনির্ভর , তাই এতে কারসাজি বা পছন্দের প্রার্থীকে সুবিধা দেওয়ার সুযোগ বেশি- এমন আশঙ্কাও স্বীকার করেছেন তি নি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সরকারি চাকরিতে ১১ থেকে ২০ গ্রেডের কর্মচারী নিয়োগে মৌখিক পরীক্ষার নম্বর ৪০০ শতাংশ পর্যন্ত বাড়ানোর পাশাপাশি লিখিত পরীক্ষা য় পাশ নম্বর কমিয়ে বিধিমালা পরিবর্তন করা হচ্ছে। ভাইভায় নম্বর বাড়ানোর সিদ্ধান্ত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের চেতনার সঙ্গে সাংঘর্ষিক কি না ? এমন প্রশ্নের জবাবে জাহেদ উর রহমান বলেন , প্রশ্নটির মধ্যে একটি 'পারসেপশন' রয়েছে। তিনি জানতে চান, ভাইভা বাড়ানোর সিদ্ধান্তের পেছনে দুর্নীতি বা বিশেষ কাউকে সুবিধা দেওয়ার আশঙ্কা করা হচ্ছে কি না। তিনি বলেন, আপনারা সরাসরি প্রশ্ন করতে পারেন সরকার দুর্নীতি করার জন্য এটা করছে কি না , কিংবা সরকার তাদের নির্বাচিত মানুষদের নিয়োগ দেওয়ার জন্য এটা করছে কি না। সাংবাদিকের কাজ চাঁচাছোলা প্রশ্ন করা। আমি সেই প্রশ্নেরও জবাব দিতে প্রস্তুত আছি। ভাইভায় বেশি নম্বর রাখার ফলে লিখিত পরীক্ষায় বেশি নম্বর পাওয়া প্রার্থীকে পিছিয়ে দেওয়ার সুযোগ তৈরি হয় , সাংবাদিকের এমন যুক্তির পরিপ্রেক্ষিতে তিনি বলেন , ভাইভা যেহেতু সাবজেকটিভ, তাই সেখানে কারসাজি বা পছন্দের কাউকে সুবিধা দেওয়ার সুযোগ তুলনামূলকভাবে বেশি , এ বিষয়ে তিনি দ্বিমত করছেন না। তবে একই সঙ্গে তিনি বলেন, চাকরির জন্য শুধু বইয়ের জ্ঞান যথেষ্ট নয়। একজন প্রার্থীর অন্যান্য যোগ্যতা ও অ্যাপটিটিউডও (সহজাত দক্ষতা) বিবেচনায় নেওয়া প্রয়োজন। নিজের অভিজ্ঞতা তুলে ধরে জাহেদ উর রহমান

বলেন, তিনি বেশ কয়েকটি বিসিএসের ভাইভা নিয়েছেন। লিখিত পরীক্ষায় কোনো প্রার্থী কেমন করেছেন , তা না জেনেও ভাইভায় এমন কিছু প্রার্থীকে পেয়েছেন , যাদের লিখিত পরীক্ষার ফল যথেষ্ট ভালো না হলেও তার মনে হয়েছে তাদের নিয়োগ দেওয়া উচিত। তিনি বলেন, একজন প্রশাসক চাচ্ছি আমরা। আমাদের অনেকের রিটেনে ভালো করার পাশাপাশি চাকরিতে ভালো করার জন্য আরও কিছু অ্যাপটিটিউড আছে , যেটা আমার বিবেচনায় ভাইভা দিয়ে ভালো অ্যাসেসমেন্ট হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## সন্ত্রাসীদের প্রতি নমনীয়তা দেখানোর ফলেই বাঁধনের ওপর হামলা: পাটওয়ারী

গণহত্যার বিচার না করায় এবং সন্ত্রাসীদের প্রতি নমনীয়তা দেখানোর কারণেই অভিনেত্রী বাঁধনের ওপর হামলা হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) নিজের ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী এ মন্তব্য করেন। পোস্টে তিনি লেখেন , জুলাই গণহত্যার বিচার ও সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিশ্চিত না করে তাদের প্রতি নমনীয়তা দেখানোর ফলেই আজ ইতালির ভেনিসে জুলাইযোদ্ধা অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হা মলার মতো ঘটনা ঘটছে। তিনি আরও লেখেন, বিচারহীনতা ও আপসের রাজনীতি বন্ধ করুন। জুলাই গণহত্যার সঙ্গে জড়িতদের কোনোভাবেই ছাড় দেওয়া যাবে না। বাঁধনের ওপর হামলার ঘটনায় জড়িতদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। এর আগে, অভিনেত্রী আজমেরী হক বাঁ ধনকে হেনস্তাকারীরা যতটা না বাঙালি ভাই , তার চেয়ে বেশি খুনিদের দালাল বলে মন্তব্য করেছেন এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি বলেন , যারা আপনাকে (বাঁধন) আক্রমণ করেছে তাদের আপনি 'বাঙালি ভাই' হিসেবে সম্বোধন করেছেন। তারা যতটা না বাঙালি ভাই তার চেয়ে বেশি খুনিদের দালাল, বিবেকবোধ বিক্রি করে দেওয়া এক একটা নরপশু।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## ডেঙ্গু প্রতিরোধে শুরু হচ্ছে ৩ মাসব্যাপী বিশেষ পরিচ্ছন্নতা অভিযান

ডেঙ্গু প্রতিরোধে তিন মাসব্যাপী বিশেষ পরিষ্কার -পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কর্মসূচি শুরু হচ্ছে আগামী শনিবার (১২ সেপ্টেম্বর)। প্রধানমন্ত্রী তারেক রহমান এই বিশেষ অভিযানের উদ্বোধন করবেন। ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় আগামী তিন মাস ঝুঁকিপূর্ণ সময় বিবেচনায় নিয়ে এ কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশ নিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে ডেঙ্গু প্রতিরোধে করণীয় নিয়ে আয়োজিত এক সভায় প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি মোস্তফা জুলফিকার হাসান এ তথ্য জানান। সভায় প্রধানমন্ত্রী বলেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে শুধু মশক নিধন কার্যক্রমের ওপর নির্ভ র না করে পরিচ্ছন্নতা ও জনসচেতনতার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। এজন্য স্থানীয় প্রশাসন , স্বেচ্ছাসেবী সংগঠন ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করে সমন্বিতভাবে মাঠপর্যায়ে কার্যক্রম পরিচালনা করতে হবে। কর্মসূচির আওতায় মহানগর এলাকায় সংশ্লিষ্ট সিটি করপোরেশন এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকরা কার্যক্রম সমন্বয় করবেন। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তারা (ইউএনও) স্থানীয় পর্যায়ের কার্যক্রম সমন্বয়ের দায়িত্বে থাকবেন। পরিষ্কার -পরিচ্ছন্নতা ও সচেতনতামূলক এ অভিযানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্বেচ্ছাসেবকদের পাশাপাশি স্কাউট, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), গার্ল গাইডস, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির স্বেচ্ছাসেবক এবং স্কুল -কলেজের শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## সরকারবিরোধী মতপ্রকাশ করলেই ধরে আনার সংস্কৃতি থেকে বের হতে হবে

সরকারবিরোধী মতপ্রকাশ করলেই কাউকে ধরে আনা কিংবা রাজনৈতিক পরিচয়ের ভিত্তিতে আইন প্রয়োগের সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবে জা তীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) আয়োজিত 'সাম্প্রতিক গ্যাস ও বিদ্যুতের সংকট -সরকার ও জনগণের করণীয় ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন , গ্যাস-বিদ্যুৎ সংকটকে রাজনৈতিক ইস্যু বানিয়ে জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি এবং রাজপথে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করা হচ্ছে। তিনি বলেন , বর্তমান গ্যাস ও বিদ্যুৎ সংকট সরকারের তৈরি নয়। বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতি , এলএনজি আমদানিতে প্রতিবন্ধকতা এবং মহেশখালীর গ্যাস টার্মিনালের কারিগরি ত্রুটির কারণে পরিস্থিতি জটিল হয়েছে। তবে সংকট সমাধানে সরকার বসে নে ই, বরং বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, সরকারের নিজস্ব ভূমিকা ও উদ্যোগ রয়েছে। কিন্তু সেই উদ্যোগকে পাশ কাটিয়ে রাস্তায় বিশৃঙ্খলা তৈরি করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা আমরা দেখতে পাচ্ছি। লকডাউনের নামে কিংবা নানা কর্মসূচির মাধ্যমে রাজপথ দখল করে রাখার হুমকি কোনো গণতান্ত্রিক সমাজে গ্রহণযোগ্য হতে পারে না। তিনি বলেন , গণতান্ত্রিক ব্যবস্থায় বিরোধীদলের সরকারের সমালোচনা করার অধিকার রয়েছে। সরকারের প্রতিটি কাজের সমালোচনা করার অধিকারও বিরোধীদলের আছে। গঠনমূলক সমালোচনার মাধ্যমে সরকার তার ভুল -ত্রুটি বুঝতে পারে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে। একইভাবে বিরোধীদলকেও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। গ্যাস -বিদ্যুৎ সংকটের প্রসঙ্গ তুলে রিজভী বলেন, বর্তমানে মধ্যপ্রাচ্যে যুদ্ধ চলছে। হরমুজ প্রণালি ও পারস্য উপসাগরকে কেন্দ্র করে

সংঘাতের কারণে আন্তর্জাতিক জ্বা লানি সরবরাহ ব্যবস্থা বাধাগ্রস্ত হচ্ছে। ওই পথে বিপুলসংখ্যক জাহাজ চলাচল করে এবং বাংলাদেশের আমদানি করা এলএনজির বড় একটি অংশও এ পথ দিয়ে আসে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## বিদিশা জামিনে কারামুক্ত

প্রতারণার মামলায় দুই বছরের কারাদণ্ড হওয়া বিদিশা সিদ্দিক কা শিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তি পেয়েছেন। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিকেল সোয়া ৫টার দিকে গাজীপুরের কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তি পান বলে জানিয়েছেন কারাগারটির সিনিয়র জেল সুপার (অতিরিক্ত দায়িত্ব) মো. নজরুল ইসলাম। তিনি বলেন, মঙ্গলবার সকালে বিদিশার জামিনের কাগজপত্র কারাগারে এসে পৌঁছে। তা যাচাই বাছাই শেষে সঠিক পাওয়া গেলে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত হয়। পরে বিকেল সোয়া ৫টার দিকে তিনি জামিনে মুক্তি পেয়ে কারাগার থেকে বেরিয়ে যান। একটি মামলায় গত ২৫ আগস্ট রাতে রাজধানীর গুলশানের একটি রে স্তোরাঁ থেকে দুই বছরের সাজাপ্রাপ্ত বিদিশাকে গ্রেফতার করা হয়। পরদিন বিদিশাকে আদালতে হাজির করা হয়। সেদিন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত বিদিশার জামিন আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। এরপর থেকে তিনি কারাগারে ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## কারিগরি প্রশিক্ষণে অস্ট্রেলিয়ার সহযোগিতা চাইলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার সুজান রাইল। এ সময় অস্ট্রেলিয়া বাংলাদেশের কারিগরি প্রশিক্ষণ ও স্বাস্থ্যখাতে সহায়তা অব্যাহত রাখবে বলে প্রত্যয় ব্যক্ত করেন হাইকমিশনার। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) পররাষ্ট্র প্রতিমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতে তারা বাণিজ্য, বিনিয়োগ, জ্বালানি, শ্রম গতিশীলতা ও আঞ্চলিকও বৈশ্বিক নানা বিষয় নিয়ে আলোচনা করেন । পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানানো হয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী এ সময় অস্ট্রেলিয়ার কারিগরি খাতের সঙ্গে এ দেশের টেকনিক্যাল ট্রেনিং সেন্টারগুলোর (টিটিসি) ঘনিষ্ঠ সহযোগিতার পাশাপাশি বাংলাদেশের সেবাকর্মীদের প্রশিক্ষণে ক্ষেত্রেও দেশ টির সহযোগিতা কামনা করেন। তিনি রোহিঙ্গা বিপর্যয়ে অস্ট্রেলিয়ার ধারাবাহিক সমর্থনের প্রশংসা করেন এবং এ সমস্যার টেকসই সমাধানে দেশটির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। হাইকমিশনার সুজান রাইল বাংলাদেশের কারিগরি প্রশিক্ষণ ও স্বাস্থ্যখাতে অস্ট্রেলিয়ার স হায়তা অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। তিনি জানান , রোহিঙ্গা সংকটে অস্ট্রেলিয়া সবসময় বাংলাদেশের পাশে থাকবে। তিনি আরও জানান, বাংলাদেশ ও অস্ট্রেলিয়া জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে ঘনিষ্ঠভাবে কাজ করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## কাগজপত্র ছাড়া ভ্রমণ বিল নয়, মন্ত্রী-প্রতিমন্ত্রীদের নতুন নির্দেশনা

সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের অভ্যন্তরীণ ও বৈদেশিক ভ্রমণের ব্যয়সংক্রান্ত বিল দাখিলে নতুন নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এখন থেকে ভ্রমণ বিলের সঙ্গে নির্ধারিত প্রমাণক ও প্র য়োজনীয় কাগজপত্র সংযুক্ত না করলে বিলের কার্যক্রম নেওয়া হবে না। গত ৩ সেপ্টেম্বর মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়। এতে হয়, সরকারি কাজে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীরা অভ্যন্তরীণ ও বৈদেশিক ভ্রমণ করে থাকেন। তাদের ভ্রমণ খাতের ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রি বিষয়ক ইউনিটে অর্থ বরাদ্দ দেওয়া হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ থেকে অগ্রিম অর্থ বরাদ্দ অথবা ভ্রমণ শেষে প্রকৃত ব্যয় পরিশোধের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে বিল দাখিল করা হয়। নতুন নির্দেশনা অনুযায়ী, ভ্রমণকারীর স্বাক্ষর ও সিলসহ প্রস্তুত করা বিলের সঙ্গে বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে সরকার প্রধানের অনুমোদিত সারসংক্ষেপের কপি এবং দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ থেকে জারি করা অফিস আদেশের কপি দিতে হবে। এ ছাড়া যানবাহনের ভাড়ার প্রকৃত পরিমাণ উল্লেখসহ টিকিট, বিমান ভ্রমণের ক্ষেত্রে টিকিটের সঙ্গে বোর্ডিং পাস, অনুমোদিত ভ্রমণ বিবরণী ও ভ্রমণসূচি এবং আবাসিক হোটেলে প্রকৃত পরিশোধিত বিলের কপি বা প্রমাণক দিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## সমবায় ব্যাংককে দরিদ্র মানুষের অর্থনৈতিক মুক্তির হাতিয়ার হতে হবে

সমবায় ব্যাংককে দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের অর্থনৈতিক মুক্তির হাতিয়ার হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড . আবদুল মঈন খান। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে সমবায় অধিদপ্তরের মাল্টিপারপাস হলরুমে বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেডে র ৪৯তম সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। স্থানীয় সরকার মন্ত্রী বলেন , সমবায়ের মূল লক্ষ্য মুনাফা অর্জন নয় , বরং দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের অর্থনৈতিক মুক্তি নিশ্চি ত করা। তবে সামাজিক দায়বদ্ধতার পাশাপাশি ব্যাংককে টিকিয়ে রাখতে আর্থিক শৃঙ্খলা ও নিয়ম-কানুন মেনে চলাও জরুরি। তিনি বলেন , ঋণ নিয়ে তা পরিশোধ না করার সংস্কৃতি গ্রহণযোগ্য নয়। প্রাকৃতিক

দুর্যোগ বা বাস্তব কোনো কারণে ঋণ পরিশোধে সমস্যা হলে তা মানবিকভাবে বিবেচনা করা হ বে। কিন্তু ঋণের অর্থ অন্য কাজে ব্যয় করে ইচ্ছাকৃতভাবে খেলাপি হওয়া মেনে নেওয়া হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## হারানো সরকারি অস্ত্রের তথ্য দিলেই মিলবে দুই লাখ টাকা পর্যন্ত পুরস্কার

দেশের বিভিন্ন থানা থেকে লুট হওয়া সরকারি অস্ত্র উদ্ধারে বিশেষ যৌ থ অভিযান পরিচালনার সিদ্ধান্ত গ্রহণের কথা জানিয়েছে র্যা ব। একই সঙ্গে হারানো সরকারি অস্ত্রের তথ্য দিয়ে সহযোগিতা করে গোপনে ও নিরাপদে পুরস্কার জেতার ঘোষণা দিয়েছে আইন -শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাটি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন র্যা বের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশব্যাপী সরকারি সব হারানো অস্ত্র উদ্ধারে বিশেষ যৌথ অভিযান পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অভিযানে র্যাবকে প্রধান সমন্বয়কারী সংস্থা হিসে বে দায়িত্ব দেওয়া হয়েছে। এ সংক্রান্ত সঠিক তথ্য ও সংবাদ পরিবেশনে সবার সার্বিক সহযোগিতা কামনা করা হয়েছে বিজ্ঞপ্তিতে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কোটি কোটি টাকা অনিয়মের অভিযোগ রয়েছে

বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (সাবেক পিজি হাসপাতাল) পরীক্ষা-নিরীক্ষা থেকে অর্জিত লভ্যাংশের বদলে মোট আয়ের ওপর অর্থ ভাগ বাটোয়ারা করার মাধ্যমে কোটি কোটি টাকার অনিয়মের অভিযোগ উঠেছে। সরকারি নিয়ম লঙ্ঘন করে নেওয়া এই অর্থ আদায় এবং সার্বিক অডিট আপত্তি খতিয়ে দেখতে একটি তদন্ত কমিটি গঠন করেছে সংসদীয় স্থায়ী কমিটি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির (পাবলিক অ্যাকাউন্টস কমিটি ) প্রথম বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান কমিটির সভাপতি ও বিরোধীদলীয় উপনেতা ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। গঠিত সাব -কমিটিকে সরেজমিনে অনিয়ম তদন্ত করে এক সপ্তাহের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। ডা . তাহের জানান, পাবলিক অ্যাকাউন্টস কমিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সাংবিধানিকভাবে এক নম্বর কমিটি হিসেবে স্বীকৃত। কমিটির মূল কাজ হলো সরকারের বর্তমান ও অতীতের সমস্ত ব্যয় পর্যালোচনা করা এবং অডিট আপত্তির বিষয়ে আলোচনা করে ব্যবস্থা নেওয়া। আজকে যদিও এটি পরিচিতিমূলক সভা ছিল , তবুও কার্যকর ফলাফলের জন্য বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বিষয়ে আটটি অডিট আপত্তি নিয়ে আলোচনা করা হয়েছে। কিছু আপত্তি নিষ্পত্তি হলেও বাকিগুলো তদন্তের সিদ্ধা ন্ত হয়েছে। একটি প্রধান অনিয়মের উদাহরণ তুলে ধরে তিনি বলেন , মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা -নিরীক্ষার ক্ষেত্রে সরকারের নিয়ম হলো লভ্যাংশের ৩০ শতাংশ বিশেষজ্ঞরা পাবেন। কিন্তু তা না করে তারা মোট আয়ের ওপর ৩০ শতাংশ অর্থ তুলে নিয়েছেন। উদাহরণস্বরূপ, ১০০ টাকা আয় এবং ৯০ টাকা ব্যয় হলে অবশিষ্ট ১০ টাকার ওপর লভ্যাংশ হিসাব করার কথা থাকলেও পুরো ১০০ টাকার ওপর লভ্যাংশ নেওয়া হয়েছে। তিনি বলেন , এর মাধ্যমে কোটি কোটি টাকা বাড়তি তুলে নেওয়া হয়েছে, যা স্পষ্ট আইন লঙ্ঘন। এই টাকা যে কোনো মূল্যে আদায় করার নির্দেশনা দেওয়া হয়েছে এবং প্রতি মাসে এর অগ্রগতির প্রতিবেদন কমিটিতে জমা দিতে বলা হয়েছে। ডা. তাহের আরও জানান, বহু পুরোনো অডিট নিয়ে কাজ না করে নিকট অতীত অর্থাৎ ২০২৪-২৫ সালের অডিটগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে , যেন বর্তমানে দায়িত্বে থাকা ব্যক্তিদের ওপর জবাবদিহি নিশ্চিত করা যায়। বর্তমান সরকার , অন্তবর্তী সরকার বা অন্যান্য সরকারের আমলের অডিট আপত্তিগুলো পর্যায়ক্রমে সামনে আনা হবে। বড় ধরনের দুর্নীতি যেসব জায়গায় হয়েছে , সেগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকাভুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## ভাইভার নম্বর বাড়িয়ে সরকারি চাকরিতে স্বজনপ্রীতির সুযোগ বাড়াচ্ছে সরকার

১১ থেকে ২০ গ্রেডের সরকারি চাকরিতে মৌখিক পরীক্ষায় (ভাইভা) বেশি নম্বর রাখার সিদ্ধান্ত নিয়ে এবার মুখ খুলেছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদ স্য হাসনাত আবদুল্লাহ। তার মতে , ভাইভার নম্বর বাড়িয়ে বিএনপি সরকার সরকারি চাকরির নিয়োগে আ বারও লবিং, স্বজনপ্রীতি, ব্যক্তিগত যোগাযোগ ও রাজনৈতিক প্রভাবের সুযোগ বাড়িয়ে দিচ্ছে। এর ফলে মেধাবী প্রার্থীরা ক্ষতিগ্রস্ত হবে এবং পুরো নিয়োগব্যবস্থার বিশ্বাসযোগ্যতা প্রশ্নবিদ্ধ হবে বলে মন্তব্য করেন তিনি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি এসব কথা লেখেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ রিহাব)

## গণতন্ত্রকে বাঁচাতে হলে গণমাধ্যমকেও বাঁচাতে হবে: রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , গণতন্ত্রের মূল শক্তি হচ্ছে গণমাধ্যম। গণতন্ত্রকে বাঁচাতে হলে গণমাধ্যমকেও বাঁচা তে হবে। গণমাধ্যমকে সঠিক পথে থেকে দেশের স্বাধীনতা , সার্বভৌমত্ব ও সুশাসনের জন্য দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) দুপুরে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে জাতীয় প্রেস ক্লাবের সভাপতি হাসান হাফিজ ও সাধারণ সম্পাদক আইয়ুব ভুঁইয়ার নেতৃত্বে প্রেস ক্লা বের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। এসময় ব্যবস্থাপনা কমিটির অন্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন বখতিয়ার রানা (কোষাধ্যক্ষ), কাজী রওনাক হোসেন , সৈয়দ আবদাল আহমদ , কাদের গনি চৌধুরী , শাহনাজ বেগম

পলি, মোহাম্মদ মোমিন হোসেন, আবদুল হাই শিকদার, মাসুমুর রহমান খলিলী, এ কে এম মহসীন ও জাহিদুল ইসলাম রনি। জাতীয় প্রেস ক্লাবের সঙ্গে সম্পর্কের প্রসঙ্গ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন , প্রেস ক্লাবের সঙ্গে আমার সম্পর্ক শুধু রাজনৈতিক নয়, এটি দীর্ঘদিনের আত্মিক সম্পর্ক। আমার সবচেয়ে দুঃসময়ে আপনারা আমার পাশে ছিলেন, যা আমার জন্য বিরাট প্রাপ্তি। তিনি বলেন , গণতন্ত্র হচ্ছে একটা সংস্কৃতি। একে প্রাতিষ্ঠানিক রূপ দিতে হবে। সেজন্য মনমানসিকতার ইতিবাচক পরিবর্তন করতে হবে। পুরোনো কর্তৃত্ববাদী চিন্তাভাবনা থেকে বেরিয়ে এসে গণতান্ত্রিক মূল্যবোধ ধারণ করতে হবে। আন্দোলন করে পরি বর্তন আনার পরও যদি পুরোনো মানসিকতা থেকে যায় , তাহলে প্রকৃত পরিবর্তন সম্ভব হবে না। তিনি আরও বলেন, জনগণের নির্বাচিত সরকারকে কাজ করার জন্য সময় দিতে হবে। এসময় তিনি মধ্যপ্রাচ্যে যুদ্ধসহ বৈশ্বিক কারণে সৃষ্ট জ্বালানি সংকটের কথা যথাযথভাবে তুলে ধরতে গণমাধ্যমের প্রতি আহ্বান জানান। তিনি সাংবাদিকদের কল্যাণে সার্বিক সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে বলেন , আমার জায়গা থেকে আপনাদের জন্য যেটুকু করার , আপনারা নিশ্চিত থাকতে পারেন , আমি সেটুকু করার চেষ্টা করবো। রাষ্ট্রপতি এসময় সংবাদকর্মীদের কর্মসংস্থানের সংকট নিরসনে বন্ধ হয়ে যাওয়া পত্রি কাগুলো পুনরায় চালুর ওপর গুরুত্ব দিয়ে বলেন, বন্ধ পত্রিকাগুলো বিশেষ করে ট্রাস্টের অধীনে থাকা পত্রিকাগুলো পুনরায় চালু করা গেলে অন্তত ১ হাজার সাংবাদিকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## বাঁধনের ওপর হামলাকারীদের দেশে আনার সর্বোচ্চ ব্যবস্থা নেবো

ইতালিতে অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা প্রসঙ্গে পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেছেন , একজন জুলাই যোদ্ধার ওপর হামলা মানে দেশের গণতান্ত্রিক শাসনব্যবস্থার ওপর হামলা। তিনি বলেন , বাঁধনের ওপর কাপুরুষোচিত হামলা চালিয়েছে বাং লাদেশ থেকে বিতাড়িত সন্ত্রাসীরা। বাঁধন বাংলাদেশি সুনামধন্য অভিনেত্রী। তার ওপর হামলাকারীদের আমরা দেশে আনার সর্বোচ্চ ব্যবস্থা নেবো ইনশাআল্লাহ। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কেনাকাটায় অনিয়মের তদন্তে কমিটি গঠন

বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (সাবেক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ) অডিট আপত্তি ও কেনাকাটায় জালিয়াতির অভিযোগ তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে ত্রয়োদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি। একইসঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ১০টি অডিট আপত্তি চূড়ান্তভাবে নিষ্পত্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে কমিটির প্রথম বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## র্যা ব বিলুপ্ত হয়ে পাস হচ্ছে এসআরবি বিল, সংসদীয় কমিটির অনুমোদন

আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সক্ষমতা বৃদ্ধি , প্রশিক্ষণ এবং স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) বিল, ২০২৬' সংশোধিত আকারে জাতীয় সংসদে উপস্থাপনের সুপারিশ করেছে জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির চতুর্থ বৈঠকে এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি জয়নুল আবেদীন এমপি। বৈঠকে 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) বিল, ২০২৬' সম্পর্কিত বিভিন্ন ধারা-উপধারা বিস্তারিতভাবে পরীক্ষা-নিরীক্ষা করা হয়। দীর্ঘ আলোচনার পর বিলটি প্রয়োজনীয় সংশোধন এনে জাতীয় সংসদ ভবনে পেশ করার জন্য একমত পোষণ করেন উপস্থিত সদস্যরা। কমিটির বৈ ঠকে অতীতের বিভিন্ন অভিজ্ঞতা তুলে ধরে বলা হয় , অতীতে র্যা পিড অ্যাকশন ব্যাটালিয়নসহ (র্যা ব) অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে রাজনৈতিক ও ব্যক্তিগত স্বার্থে বিভিন্নভাবে অপব্যবহার করা হয়েছে। তবে কমিটির সদস্যরা মতপ্রকাশ করেন যে , কেবল কোনো বাহিনীর অপব্যবহারের কারণেই আস্ত একটি বাহিনীকে বিলুপ্ত করা সঠিক সমাধান হতে পারে না। বরং ওই বাহিনীর দক্ষ জনবল ও বিদ্যমান অবকাঠামো ও সরঞ্জাম দেশের স্বার্থে যথাযথভাবে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব হলেন তৈমোর হোসেন খান

রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব (এপিএস) নিয়োগ পেয়েছেন মো. তৈমোর হোসেন খান। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয় , অন্য যে-কোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে কর্ম -সম্পর্ক পরিত্যাগের শর্তে তৈমোর হোসেন খানকে রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের তারিখ থেকে রাষ্ট্রপতির মেয়াদকাল বা তার সন্তুষ্টি সাপেক্ষে, যেটি আগে ঘটে, সেই সময় পর্যন্ত এ নিয়োগ কার্যকর থা কবে। এ নিয়োগের অন্য শর্ত চুক্তিপত্রের মাধ্যমে নির্ধারিত হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## ২০৩০ সালের মধ্যে ৫৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য নির্ধারণ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, বিদ্যুতের চাহিদা বাড়ার পাশাপাশি আমদানি-নির্ভর জ্বালানির ওপর চাপ কমাতে নবায়নযোগ্য জ্বালানিকে অগ্রাধিকার দিচ্ছে সরকার। তিনি জানান , ২০৩০ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের অন্তত ২০ শতাংশ এবং ২০৪০ সালের মধ্যে ৩০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি থেকে উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এর অংশ হিসেবে ২০৩০ সালের মধ্যে সৌর বিদ্যুৎ থেকে ৫ হাজার ৫০০ মেগাওয়াট উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে কার্যপ্রণালী -বিধির ৭১ বিধিতে দেওয়া জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে এসব তথ্য জানান প্রতিমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## বিদ্যুৎ সংকট নিরসনের দাবিতে বিএনপির মানববন্ধন

বিদ্যুৎ সংকট নিরসনের দাবিতে চট্টগ্রামের বোয়ালখালীতে মানববন্ধন করেছেন বিএনপির নেতাকর্মীরা। ম ঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিকেল ৩টার দিকে পূর্ব কালুরঘাট বাদামতলি সড়কে উপজেলা বিএনপির নেতারা এ মানববন্ধন আয়োজন করেন। হঠাৎ টি কে সাবস্টেশনের ট্রান্সফরমার নষ্ট হওয়ার প্রকৃত কারণ উদ্ ঘাটন এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার স্থিতিশীলতা নিশ্চিত করার দাবি জানানো হয় মানবব ন্ধনে। বক্তারা বলেন, নষ্ট ট্রান্সফরমারটি সরিয়ে নতুন ট্রান্সফরমার সংযোজনে একটি মহল আপত্তি করছে। ফলে বোয়ালখালীবাসীর ভোগান্তি দীর্ঘায়িত হচ্ছে। দক্ষিণ জেলা বিএনপির সদস্য শওকত আলমের সভাপতিত্বে ও জেলা যুবদলের সাধারণ সম্পাদক মো . আজগরের সঞ্চালনায় এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আজিজুল হক চেয়ারম্যান। আরও বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো. নুরুন্নবী চৌধুরী, জেলা বিএনপির সদস্য জাবেদ মেহেদী হাসান সুজন, সদস্য শাহিনুর , পৌরসভা বিএনপির সাবেক আহ্বায়ক শহীদুল্লাহ চৌধু রী, উপজেলা বিএনপির সাবেক সদস্যসচিব নুরুল করিম নুরু উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব হাজি আবু আকতার , জেলা যুবদলের সহসভাপতি শফিকুল ইসলাম শাহীন , উপজেলা যুবদলের আহ্বায়ক মো . রবিউল হোসেন ইকবাল এবং জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জামসেদ জিসানসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতারা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## কিলার বেনজীর দুবাই আছেন, তাকে ফিরিয়ে এনে বিচার করা হবে

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে জঘন্য হত্যাকারী হিসেবে আখ্যায়িত করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেছেন , বেনজির সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাইয়ে আছেন। আমাদের কাছে যে তথ্য আছে, তাতে তিনি ক্যারিবীয় দ্বীপরাষ্ট্র সেন্ট লুসিয়ায় যাননি। তাকে দুবাই থেকে দেশে ফিরিয়ে আনা হবে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে তিনি এসব কথা বলেন। সাবেক এই আইজিপিকে গ্রেফতারের বিষয়ে সংসদে সরকারি -বিরোধী দল একসুরে কথা বলেন। দেশে ফিরিয়ে এনে তাকে দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানানো হয়। ৩০ মিনিটের বেশি সময় ধরে শুধু বেনজিরের গ্রেফতারের দাবির বিষয়ে কথা বলেন। এরপর পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন , বেনজীর আহমেদ কিলার, হাজার হাজার নেতাকর্মীকে তিনি হত্যা করেছেন। দেশ ও জাতির দুশমন তিনি। বেনজীর সেন্ট লুসিয়ায় যাননি , তিনি দুবাইয়ে আছেন। আমাদের দূতাবাস সতর্ক আছে। আমরা কিছু করছি তার বিচারের জন্য। আমরা সবাই এক আছি। আমরা একসঙ্গে কাজ করছি। তিনি বলেন , কেইস করে জঘন্য হত্যাকারী কে আনতে পারবো। মানুষ হত্যাকারীকে দেশে ফিরিয়ে আনবো। আওয়ামী লীগের যারা দেশের জেলে আছে তাদের বিচার হবে। আমাদের সাপোর্ট করেন আমরা ইনশা আল্লাহ বিচার করবো।' (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## সিয়েরা লিওনে ই-কেস ফাইলিং সিস্টেম তৈরির কাজ পেল ড্রিম৭১

দেশীয় তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান ড্রিম৭১ বাংলাদেশ লিমিটেড এবার পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওনের বিচার বিভাগের জন্য ইলেকট্রনিক কেস ফাইলিং সিস্টেম (ই-কেস ফাইলিং) তৈরি করবে। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) অধীনে প্রতিষ্ঠানটি সে দেশে কাজটি করবে। এরই মধ্যে চুক্তিও সই হয়েছে। ইউএনডিপির 'স্পটলাইট ইনিশিয়েটিভ ২.০'-এর আওতায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এর মাধ্যমে সিয়েরা লিওনের আইন মন্ত্রণালয় এবং সিয়েরা লিওন পুলিশের ফ্যামিলি সাপোর্ট ইউনিটের (এফএসইউ) মধ্যে মামলা ব্যবস্থাপনা ও সমন্বয় আরও কার্যকর করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ বি ষয়ে ড্রিম৭১ বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রাশাদ কবির জাগো নিউজকে বলেন , প্রকল্পটি শুধু ড্রিম ৭১-এর জন্য নয় , বাংলাদেশের প্রযুক্তিখাতের জন্যও গুরুত্বপূর্ণ মাইলফলক। তিনি বলেন , ইউএনডিপির আরও একটি প্রকল্প পাওয়া প্রমাণ করে যে, বাংলাদেশের প্রযুক্তি প্রতিষ্ঠানগুলো আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ও সরকারি প্রতিষ্ঠানের জন্য ক্রমেই জটিল ডিজিটাল সমাধান দিতে সক্ষম হয়ে উঠছে। আমরা বাংলাদেশের আইসিটি দক্ষতাকে আরও বেশি দেশে নিয়ে যেতে চাই। জানা যায় , এ প্রকল্পের আওতায় একটি সমন্বিত ডিজিটাল ফাইলিং কাঠামো তৈরি করা হবে। একইসঙ্গে মামলার নম্বর ও শ্রেণিবিন্যাস , মামলার অগ্রগতি পর্যবেক্ষণ , রেফারেল ট্র্যাকিং এবং মুলতবি কার্যক্রমের বিষয়ে স্বয়ংক্রিয় সতর্কবার্তার ব্যবস্থা থাকবে। এ ছাড়া মামলাসংক্রান্ত তথ্যের নিরাপদ ডিজিটাল ও ফিজিক্যাল সংরক্ষণ এবং বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে তথ্য আদান -প্রদানের জন্য প্রয়োজনীয় প্রটোকলও তৈরি

করা হবে। দেশের সীমানা পেরিয়ে বিশ্বের বিভিন্ন দেশে তথ্যপ্রযুক্তি খাতে কাজ করার ক্ষেত্রে ড্রিম ৭১ এর অভিজ্ঞতার ঝুঁলি ক্রমেই বড়ো হচ্ছে। জাপান, দক্ষিণ কোরিয়া, পূর্ব তিমুর, জাম্বিয়া, তুরস্ক, গাম্বিয়া, লেসোথো, উগান্ডা, আফগানিস্তান, নেদারল্যান্ডস ও নাইজেরিয়াসহ বিভিন্ন দেশে কাজ করেছে প্রতিষ্ঠানটি। ড্রিম ৭১ জানিয়েছে, এরই মধ্যে ইউএনডিপির ১৯টি প্রকল্পে কাজ করেছে প্রতিষ্ঠানটি। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার পাশাপাশি বিভিন্ন দেশের সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ডিজিটাল সেবা ও সফটওয়্যার সমাধান দেওয়ার অভিজ্ঞতাও রয়েছে তাদের। বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২৪ সালে বাংলাদেশের আইসিটি সেবা রপ্তানির পরিমাণ ছিল প্রায় ৭০৩ মিলিয়ন মার্কিন ডলার। ফলে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশি প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোর কাজের পরিধি বাড়ার বিষয়টিকে দেশের আইসিটি খাতের বৈশ্বিক সক্ষমতা বৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ দিক হিসেবে দেখা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## কাপড়ের চালান খুলতেই মিললো ১৬৫৫ মোবাইল

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এয়ারফ্রেইট এলাকায় কাপড়ের রোলের আড়ালে আনা প্রায় ৫ কোটি টাকা মূল্যের ১৬৫৫টি মোবাইল ফোনের চালান আটক করা হয়েছে। নিট ফেব্রিকস/পি কভার জি রোল হিসেবে ঘোষণা দিয়ে আনা চালানটি পরীক্ষার পর বিপুলসংখ্যক মোবাইল ফোন পাওয়ার তথ্য জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) এক প্রেস বিজ্ঞপ্তিতে সংস্থাটি জানায়, আটক চালানটির আমদানিকারক হিসেবে থিনিয়াস এপিরিয়ালস লিমিটেডের নাম রয়েছে। প্রাথমিক গণনায় উদ্ধার হওয়া মোবাইল ফোনের মধ্যে ৪৫০টি রেডমি ১৪ সি, ১৫০টি রেডমি ১৫ সি এবং পুরোনো আইফোনও বিভিন্ন চীনা ব্র্যান্ডের আরও ১ হাজার ৫৫টি ফোন রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, চালানটির মোট ওজন ৮৯৫ কেজি এবং প্যা কেজ সংখ্যা ২০টি। এয়ার কার্গো সিস্টেমের তথ্য অনুযায়ী, চালানটি হংকং থেকে ঢাকায় আসে। একটি ফ্লাইটে গত ৩১ আগস্ট চালানটি ঢাকায় পৌঁছায়। কাস্টমসের প্রাথমিক পরীক্ষায় ঘোষিত পণ্যে র সঙ্গে বাস্তবে পাওয়া পণ্যের বড়ো ধরনের অসঙ্গতি ধরা পড়ে। এয়ার কার্গো রেকর্ডে পণ্যের ধরণ হিসেবে 'নিট ফেব্রিকস' এবং অন্য একটি নোটে 'পি কভার জি রোল সিআরটি' উল্লেখ থাকলেও চালানটির মধ্যে বিপুলসংখ্যক মোবাইল ফোন পাওয়া যায়। এনবিআর জানায়, ঘোষিত পণ্যের আড়ালে মোবাইল ফোন আনার ঘটনায় মিথ্যা ঘোষণা, পণ্য গোপন এবং প্রযোজ্য শুল্ক-কর ফাঁকির বিষয়টি খতিয়ে দেখা হ চ্ছে। তবে মোবাইলগুলোর সুনির্দিষ্ট মডেল, আইএমইআই, নতুন নাকি ব্যবহৃত - এসব তথ্য যাচাই এবং প্রকৃত বাজারমূল্য ও প্রযোজ্য শুল্ক-কর নির্ধারণের পর চালানটির আর্থিক মূল্য ও সম্ভাব্য রাজস্ব ক্ষতির পরিমাণ নিশ্চিত হওয়া যাবে। ঘটনার সঙ্গে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## আগামীতে সংসদের সব কার্যক্রম সৌরবিদ্যুতে চালানোর পরিকল্পনা

প্রধানমন্ত্রী তারেক রহমান আগামীতে জাতীয় সংসদের সব কার্যক্রমে সৌরবিদ্যুৎ সরবরাহ করার পরিকল্পনার কথা বলেছেন ব লে সংসদে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রী আনিন্দ্য ইসলাম অমিত। প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী বলেছেন, আমরা আগামী দিনে এই জাতীয় সংসদের সব কার্যক্রমে ন্যাশনাল গ্রিড থেকে কোনো বিদ্যুৎ নেবো না। সৌরবিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে আমরা এই প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করতে চাই।' মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে কার্যপ্রণালী-বিধির ৭১ বিধিতে দেওয়া জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে এ তথ্য জানান প্রতিমন্ত্রী। সংসদ সদস্য হেলেন জেরিন খান দেশে সৌরবিদ্যু তের ব্যবহার ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে ৭১ বিধিতে নোটিশটি দেন। প্রতিমন্ত্রী আনিন্দ্য ইসলাম অমিত বলেন, 'আমরা ৪৬০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি সৌরবিদ্যুৎ প্রকল্প রামপালে স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছি।' মাতারবাড়ী কোল পাওয়ার প্র কল্পের অ্যাশ পয়েন্টের জন্য নির্ধারিত জায়গায়ও ৭০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি সৌরবিদ্যুৎ প্রকল্প নেওয়া হয়েছে বলে জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, আগামী ১৭ সেপ্টেম্বর ফেনীতে বিভিন্ন সামাজিক সুবিধার কার্ড বিতরণের কর্মসূচি রয়েছে। এ উপ লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয় ২৩টি ভবনের ছাদে সৌরবিদ্যুৎ প্রকল্প গ্রহণ করেছে এবং বিদ্যুৎ বিভাগও এ উদ্যোগের সঙ্গে যুক্ত হয়েছে। সৌরবিদ্যুৎ প্রকল্প সম্প্রসারণের ফলে একদিকে জ্বালানি আমদানিতে ব্যয় হওয়া বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে, অন্যদিকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ তৈরির সুযোগ সৃষ্টি হবে ব লেও জানান প্রতিমন্ত্রী। অমিত বলেন, তরুণ ও যুব সমাজের জন্য বিকল্প কর্মসংস্থান সৃষ্টির দায়িত্ব সরকারের। এ জন্য সৌরবিদ্যুৎ খাতের উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ দেওয়ার বিষয়ে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে আলোচনা করা হয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## প্রবীণদের সম্পত্তি দানের নতুন ব্যবস্থা গুরুত্বপূর্ণ ও যুগোপযোগী

সন্তান, নাতি-নাতনি বা নিকটাত্মীয়কে সম্পত্তি দান করার পর ভোগ-দখল হারানোসহ নানা সমস্যায় পড়েন অনেক প্রবীণ। এমনকি সম্পত্তি পাওয়ার পর দানগ্রহীতা সেটি বিক্রি করে দেওয়া কিংবা দাতাকে নিজের বা ড়ি থেকে বের করে দেওয়ার ঘটনাও ঘটছে। এ অবস্থায় প্রবীণ দাতাদের অধিকার সুরক্ষায় 'ভোগ-দখলের অধিকার সংরক্ষণসহ দান' ব্যবস্থাকে গুরুত্বপূর্ণ ও যুগোপযোগী পদক্ষেপ হিসেবে দেখছেন নিবন্ধন সংশ্লিষ্টরা। সম্পত্তি হস্তান্তর আইন, ১৮৮২ সংশোধনের মাধ্যমে এ ধরনের দানের সুযোগ তৈরি হয়েছে। এর ফলে কোনো ব্যক্তি জীবদ্দশায় সন্তান বা নিকটাত্মীয়ের

কাছে সম্পত্তি দান করলেও দলিলে ভোগ -দখলের অধিকার সংরক্ষণের শর্ত থাকলে দাতা জীবিত থাকা পর্যন্ত ওই সম্পত্তি ভোগ ও দখল করতে পারবেন। সংশোধিত ব্যবস্থাটি ধর্ম -বর্ণ নির্বিশেষে প্রযোজ্য হবে। নিবন্ধন সংশ্লি ষ্টদের মতে, প্রচলিত হেবার ঘোষণাপত্র, দানের ঘোষণাপত্র ও দানপত্রের মাধ্যমে সম্পত্তি দানের পর দানগ্রহীতার মালিকানা সৃষ্টি হতে পারে। পরবর্তী সময়ে আইনগত প্রক্রিয়া অনুসরণ করে তিনি নিজের নামে নামজারি করে সম্পত্তি হস্তান্তরও করতে পারেন। ফলে দানের পর দাতার নিজের বসবাস ও ভোগ-দখলের অধিকার নিয়ে জটিলতা তৈরি হওয়ার সুযোগ থাকে। বাস্তবে এমন অনেক ঘটনা রয়েছে, যেখানে বয়স্ক বাবা-মা সন্তানকে কিংবা দাদা-দাদি নাতি-নাতনিকে সম্পত্তি দান করার পর সমস্যায় পড়েছেন। সম্পত্তি পাওয়ার পর দানগ্রহীতা সেটি বিক্রি করে দিয়েছেন অথবা বৃদ্ধ দাতাকে বাড়ি থেকে বের করে দিয়েছেন। পরে দাতা দলিল বাতিলের জন্য সাব -রেজিস্ট্রারের কার্যালয়ে গেলেও সেখানে প্রতিকার পাওয়া সম্ভব হয় না। নিবন্ধন কর্মকর্তারা জানান , সাব-রেজিস্ট্রারের নিবন্ধিত দলিল বাতিল করার ক্ষমতা নেই। নিবন্ধন কর্মকর্তা আইন অনুযায়ী দলিল নিবন্ধন করতে পা রেন; কিন্তু নিবন্ধিত দলিল বাতিলের বিষয়টি উপযুক্ত আদালতের এখতিয়ার। তাই সম্পত্তি দানের সময়ই দাতার ভোগ-দখলের অধিকার নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## সৌদি আরবে হুথিদের হামলার নিন্দা বাংলাদেশের

সৌদি আরবের ভূখণ্ড লক্ষ্য করে হুথি দের হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। হামলায় কয়েকজন বেসামরিক নাগরিক আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে ঢাকা। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, সৌদি আরবের ভূখণ্ডে চালানো হুথি হামলায় কয়েকজন বেসামরিক নাগরিক আহত হয়েছেন। বাংলাদেশ এ ধরনের হামলার তীব্র নিন্দা জানাচ্ছে। বিবৃতিতে বাংলাদেশ সব ধরনের বেসামরিক নাগরিক ও বেসামরিক স্থাপনার বিরুদ্ধে সহিংসতার ঘটনায় দৃঢ়ভাবে আপত্তি জানিয়ে এ ধরনের কর্মকাণ্ড প্রত্যাখ্যান করেছে। এছাড়া সৌদি আরব সরকার এবং দেশটি র ভ্রাতৃপ্রতিম জনগণের প্রতি পূর্ণ সংহতি প্রকাশ করেছে বাংলাদেশ। বাংলাদেশ সৌদি আরবের সার্বভৌমত্ব , ভৌগোলিক অখণ্ডতা ও নিরাপত্তার প্রতি তার অবিচল সমর্থনের কথাও পুনর্ব্যক্ত করেছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## সংসদীয় কমিটিতে মন্ত্রী-হুইপদের রাখা নিয়ে স্পিকারের উষ্মা

জাতীয় সংসদের সংসদীয় কমিটিতে প্রতিমন্ত্রী ও হুইপদের রাখা নিয়ে উষ্মা প্রকাশ করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। তিনি বলেছেন , সংসদীয় কমিটির সভাপতি হবেন বেসরকারি সদস্য। আর মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা সংশ্লিষ্ট কমিটিতে সদস্য হিসেবে থাকবেন। বিষয়টি নিয়ে ভবিষ্যতে সতর্ক থাকতে চিফ হুইপকে অনুরোধ করেন তিনি। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) জাতীয় সংসদে পাঁচটি সংসদীয় কমিটি গঠন ও দুটি কমিটি পুনর্গঠন করেন চিফ হুইপ নূরুল ইসলাম। এরপর তাকে উদ্দেশ্য করে এ কথা বলেন স্পিকার। নতুন গঠিত কমিটিগুলোর মধ্যে প্রতিমন্ত্রীর পদমর্যাদাধারী চারজন হুইপকে চারটি কমিটির সভাপতি করা হয়েছে। তারা হলেন - সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় -সম্পর্কিত কমিটির সভাপতি হুইপ রকিবুল ইসলাম বকুল , বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় -সম্পর্কিত কমিটির সভাপতি হুইপ রুহুল কুদ্দুস তালুকদার দুলু, বস্ত্র ও পাট মন্ত্রণালয় -সম্পর্কিত কমিটির সভাপতি হুইপ আখতারুজ্জামান মিয়া এবং পরিবেশ , বন ও জলবায়ু মন্ত্রণালয় -সম্পর্কিত কমিটির সভাপতি হুইপ জি কে গউছ। অন্যদিকে , স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় -সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য করা হয়েছে। সংসদীয় রী তি অনুযায়ী, মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয় -সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য করা হয়। এর বাইরে অন্য কোনো কমিটিতে তাদের রাখা হয় না। চিফ হুইপকে উদ্দেশ্য করে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, সংসদীয় কমিটি গঠনের ক্ষেত্রে কমিটির চেয়ারম্যান বেসরকারি সদস্য হওয়ার এবং মন্ত্রী -প্রতিমন্ত্রীদের সদস্য হিসেবে রাখার প্রথা রয়েছে। কিন্তু কয়েকটি কমিটিতে প্রতিমন্ত্রী, হুইপসহ উচ্চপদস্থ ও সরকারি সুযোগ -সুবিধাভোগী ব্যক্তিদের সদস্য করা হয়েছে। এতে কোনো বাধা না থাকলেও সংসদের প্রচলিত রীতি অনুযায়ী বেসরকারি সদস্যদেরই কমিটিতে রা খার বিষয়টি গুরুত্ব পায়। ভবিষ্যতে সংসদীয় কমিটি গঠনের সময় এ বিষয়টি বিবেচনায় নেওয়ার জন্য চিফ হুইপকে অনুরোধ জানান স্পিকার। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ রুবাইয়া)

## জাতিসংঘে আস্থা ফেরানো, শান্তি ও রোহিঙ্গা সংকটে গুরুত্ব নতুন সভাপতির

বহুপক্ষীয় ব্যবস্থার প্রতি আস্থা পুনরুদ্ধারকে অগ্রাধিকার দেওয়ার ঘোষণা দিয়েছেন জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের নবনির্বাচিত সভাপতি ড. খলিলুর রহমান। সেই সঙ্গে তার অগ্রাধিকারে থাকবে বৈশ্বিক শান্তি ও নিরাপত্তা জোরদার, টেকসই উন্নয়ন ত্বরান্বিত করা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, মানবাধিকার সুরক্ষা ও প্রযুক্তিগত রূপান্তরের সুফল সবার কাছে পৌঁছে দেওয়া। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে সভাপতি হিসেবে দায়িত্ব নিয়ে দেওয়া ভাষণে তিনি এ ঘোষণা দেন। দায়িত্ব গ্রহণের ভাষণে খলিলুর রহমান বলেন, বর্তমান বিশ্বে জাতিসংঘের প্রতি আস্থার সংকট তৈরি হয়েছে। সংঘাত অব্যাহত রয়েছে, উন্নয়ন অর্জন দুর্বল ও ভঙ্গুর হয়ে পড়েছে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব ক্রমেই তীব্র হচ্ছে। এ অবস্থায় জাতিসংঘকে শুধু রক্ষা নয়, বরং আরও কার্যকর ও মানুষের প্রত্যাশা পূরণে সক্ষম প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশনের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে- 'রিস্টোরিং ট্রাস্ট, ম্যানেজিং ট্রান্সফরমেশন: এ ইউনাইটেড নেশনস দ্যাট ডেলিভার্স ফর

অল’। অর্থাৎ, আস্থা পুনরুদ্ধার ও পরিবর্তন ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য কার্যকর জাতিসংঘ গড়ে তোলার ওপর জোর দেওয়া হবে। নতুন সভাপতি বলেন, জাতিসংঘের প্রতি আস্থা শুধু বক্তব্য বা প্রতিশ্রুতির মাধ্যমে ফিরবে না; প্রতিদিনের কাজ, সিদ্ধান্ত, প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং মানুষের জন্য দৃশ্যমান ফলাফলের মাধ্যমে সেই আস্থা অর্জন করতে হবে।

**বাংলাদেশের জন্য তিন বিষয়ে বিশেষ গুরুত্ব**

সাধারণ পরিষদের নতুন সভাপতির বক্তব্যে বাংলাদেশের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ তিনটি বিষয় উঠে এসেছে- রোহিঙ্গা সংকট, জলবায়ু ঝুঁকি এবং উন্নয়ন অর্থায়ন। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার বাংলাদেশের দীর্ঘদিনের অবস্থানকে তিনি জাতিসংঘের সর্বোচ্চ রাজনৈতিক মঞ্চে তুলে ধরেছেন। একই সঙ্গে জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ উপকূলীয় দেশ হিসেবে বাংলাদেশের স্বার্থও তার জলবায়ু অভিযোজন, ক্ষয়ক্ষতি তহবিল ও জলবায়ু অর্থায়নসংক্রান্ত অগ্রাধিকারের সঙ্গে সরাসরি যুক্ত। অন্যদিকে স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশগুলোর ঋণ, উন্নয়ন অর্থায়ন এবং আন্তর্জাতিক আর্থিক কাঠামো সংস্কারের ওপর তার জোর বাংলাদেশের মতো অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ। দায়িত্বের প্রথম বছরে সাধারণ পরিষদের কাজকে ছয়টি অগ্রাধিকারের ওপর কেন্দ্রীভূত করার ঘোষণা দিয়েছেন খলিলুর রহমান। প্রথম অগ্রাধিকার হিসেবে তিনি শান্তি ও নিরাপত্তা জোরদারের কথা বলেন। জাতিসংঘ সনদের ‘পরবর্তী প্রজন্মকে যুদ্ধের অভিশাপ থেকে রক্ষা করার’ অঙ্গীকার বাস্তবায়নে সংঘাত প্রতিরোধ, রাজনৈতিক সমাধান, শান্তিরক্ষা ও শান্তি প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দেওয়ার কথা জানান তিনি। এক্ষেত্রে বাংলাদেশের অবদানের কথাও বিশেষভাবে তুলে ধরেন। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে দুই লাখের বেশি বাংলাদেশি দায়িত্ব পালন করেছেন উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের শান্তিরক্ষীদের অভিজ্ঞতা থেকে অনুপ্রেরণা নিয়ে মানুষের জন্য শান্তি প্রতিষ্ঠা এবং সংঘাতের রাজনৈতিক সমাধানকে অগ্রাধিকার দেওয়া হবে। দ্বিতীয় অগ্রাধিকার টেকসই উন্নয়ন ত্বরান্বিত করা এবং কোনো দেশকে পিছিয়ে না রাখা। ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের জন্য হাতে আর মাত্র চার বছর রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এসডিজির মাত্র ৩৬ শতাংশ লক্ষ্যমাত্রা সঠিক পথে রয়েছে বা মাঝারি অগ্রগতি অর্জন করছে। ফলে উচ্চাকাঙ্ক্ষা ও বাস্তবায়নের মধ্যে বড়ো ব্যবধান তৈরি হয়েছে।

২০২৭ সালের এসডিজি সম্মেলন সামনে রেখে উন্নয়ন অর্থায়নের ঘাটতি কমানো, ঋণের টেকসই ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক আর্থিক কাঠামো সংস্কারের ওপর গুরুত্ব দেওয়ার কথা বলেন তিনি। বিশেষ করে স্বল্পোন্নত দেশ, স্থলবেষ্টিত উন্নয়নশীল দেশ এবং ক্ষুদ্র দ্বীপরাষ্ট্রগুলোর স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার ঘোষণা দেন। তৃতীয় অগ্রাধিকার জলবায়ু পরিবর্তন মোকাবিলা, অভিযোজন ও সহনশীলতা বৃদ্ধি। আসন্ন কপ-৩১ সম্মেলনের আগে জলবায়ুজনিত ক্ষয়ক্ষতি মোকাবিলায় তহবিল কার্যকর করা এবং জলবায়ু ঝুঁকিতে থাকা দেশগুলোর জন্য আরও বেশি জলবায়ু অর্থায়ন নিশ্চিত করার ওপর জোর দেওয়ার কথা জানান তিনি। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিকে ক্ষুদ্র দ্বীপরাষ্ট্র ও নিচু উপকূলীয় দেশগুলোর জন্য অস্তিত্বের প্রশ্ন হিসেবে উল্লেখ করে এ বিষয়ে জাতিসংঘের উচ্চপর্যায়ের বৈঠক আয়োজনের কথাও জানান তিনি। সমুদ্র, জীববৈচিত্র্য ও জলবায়ু সংকটকে পরস্পর সম্পর্কিত হিসেবে বিবেচনা করে বৈজ্ঞানিকভিত্তিক পদক্ষেপের ওপরও গুরুত্ব দেন। (জাগো নিউজ ওয়েব পেজ : ০৯.০৯.২০২৬ নারগীস)

## রেডিও টুডে

### ডেঙ্গু প্রতিরোধে ৩ মাসের বিশেষ অভিযান, উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান ডেঙ্গু প্রতিরোধে তিন মাসের বিশেষ অভিযান উদ্বোধন করবেন।আগামী ১২ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর উদ্বোধনের মধ্য দিয়ে শুরু হবে ডেঙ্গু প্রতিরোধে তিন মাসব্যাপী এ বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কর্মসূচি। ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় আগামী তিন মাসকে ঝুঁকিপূর্ণ সময় বিবেচনায় নিয়ে এ কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশ নিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার দুপুরে বাংলাদেশ সচিবালয়ে ডেঙ্গু প্রতিরোধে করণীয় সম্পর্কে আয়োজিত এক সভায় প্রধানমন্ত্রী এ বিষয়ে নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান শিপলু এ তথ্য জানান। তিনি জানান, সভায় প্রধানমন্ত্রী বলেছেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে শুধু মশকনিধন কার্যক্রমের ওপর নির্ভর না করে পরিচ্ছন্নতা ও জনসচেতনতার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। এজন্য স্থানীয় প্রশাসন, স্বেচ্ছাসেবী সংগঠন ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করে সমন্বিতভাবে মাঠপর্যায়ে কার্যক্রম পরিচালনা করতে হবে। কর্মসূচির আওতায় মহানগর এলাকায় সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকরা কার্যক্রম সমন্বয় করবেন। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তারা  স্থানীয় পর্যায়ের কার্যক্রম সমন্বয়ের দায়িত্বে থাকবেন। উপ-প্রেস সচিব জানান, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সচেতনতামূলক এ অভিযানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্বেচ্ছাসেবকদের পাশাপাশি স্কাউট, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর , গার্ল গাইডস, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির স্বেচ্ছাসেবক এবং স্কুল-কলেজের শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হবে। প্রতি শনিবার স্বেচ্ছাসেবক ও শিক্ষার্থীরা বিভিন্ন বাসাবাড়ি ও স্থাপনায় গিয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশ নেবেন। একই সঙ্গে ডেঙ্গুর বাহক এডিস মশার প্রজননস্থল তৈরি হতে পারে— এমন জায়গা চিহ্নিত করা এবং মানুষকে নিজ নিজ বাড়ি ও আশপাশ পরিষ্কার রাখতে সচেতন করার ওপর গুরুত্ব দেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সমৃদ্ধি ও উন্নয়নে ঐকমত্য

এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সমৃদ্ধি ও উন্নয়ন যৌথভাবে এগিয়ে নেওয়ার বিষয়ে একটি ঐকমত্য হয়েছে। শনিবার দক্ষিণ চীনের কুয়াংতোং প্রদেশের শেনচেনে শুরু হওয়া এশিয়া-প্যাসিফিক মিডিয়া ফোরামে এই ঐকমত্য প্রকাশ করা হয়। অনুষ্ঠানে ৪০টিরও বেশি দেশ ও অঞ্চল এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের ৪০০ জনেরও বেশি প্রতিনিধি অংশ নেন। এদিকে , শনিবার ফোরামের পাশাপাশি বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত উদ্ভাবনের সাফল্য নিয়ে একটি প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এ প্রদর্শনীর মাধ্যমে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের গণমাধ্যমগুলোর জন্য বিজ্ঞান ও প্রযুক্তির উদ্ভাবন প্রয়োগে বিনিময় ও সহযোগিতা আরও গভীর করার একটি প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে। কুয়াংতোং -হংকং-ম্যাকাও গ্রেটার বে এরিয়ার ৩০টিরও বেশি কোম্পা নি প্রদর্শনীতে তাদের সর্বশেষ উচ্চপ্রযুক্তির পণ্য প্রদর্শন করে। প্রদর্শনীতে চারটি প্রধান বিভাগ ছিল - বুদ্ধিমত্তাসম্পন্ন গণমাধ্যম প্রযুক্তি , এম্বোডিড এআই , স্মার্ট সিটি এবং স্মার্ট জীবনযাপন। আরএসএস নেপালের নির্বাহী সম্পাদক মনোজ কার্কি বলেন , ‘চীনে এটাই আমার প্র থম সফর। আমি সংবাদে এসব পড়েছি। কিন্তু এখানে এসে নিজের চোখে দেখার অভিজ্ঞতা ছিল সত্যিই অসাধারণ। ’ কানাডার ডেইলি স্ক্রাম নিউজের সিইও ও প্রধান সম্পাদক ডনোভান মার্টিন বলেন , ‘এখানকার গণমাধ্যমের সঙ্গে যোগাযোগ করা এবং এখানে কী ঘটছে , তা জানা ভালো বিষয়। আমরা সবসময় এখা নকার প্রযুক্তি ও উদ্ভাবন সম্পর্কে শুনেছি। এখন সেগুলো সরাসরি দেখার সুযোগ পাচ্ছি , যা সত্যিই ভালো। ’ চলতি বছরের নভেম্বরে শেনচেনে ৩৩তম এপেক ইকোনোমিক লিডার্স মিটিং আয়োজন করবে চীন। ২০০১ সালে শাংহাই এবং ২০১৪ সালে বেইজিংয়ের পর এটি হবে চীনে এ আয়োজনের তৃতীয় আসর। চলতি বছরকে এপেকের ‘চায়না ইয়ার’ হিসেবে ঘোষণা করা হয়েছে। এবারের প্রতিপাদ্য ‘সম্মিলিত সমৃদ্ধির জন্য এশিয়া-প্যাসিফিক কমিউনিটি গঠন’। বছরজুড়ে চীনের বিভিন্ন শহরে এপেক-সংশ্লিষ্ট প্রায় ৩০০টি সভা ও অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ এলিনা)

## ডেঙ্গুতে এক দিনে আক্রান্তের রেকর্ড, মশা নিয়ন্ত্রণে সমন্বিত অভিযানের নির্দেশ

ডেঙ্গু এখন আর ক্যালেন্ডারের পাতার হিসাব মানছে না। মৌসুমি রোগটি এখন বছরজুড়েই ছড়াচ্ছে ভয় আর আতঙ্ক। এ বছরও ব্যতিক্রম নয়। বছরের প্রথম কয়েক মাস পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও বর্ষার পর দ্রুত বদলে যেতে থাকে চিত্র। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে, চলতি বছর পয়লা জানুয়ারি থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত হাসপাতালে ডেঙ্গু রোগী ভর্তির সংখ্যা ছাড়িয়েছে ৪৩ হাজার। প্রাণ হারিয়েছে ১২১ জন। চিকিৎসা নিয়ে সুস্থ প্রায় ৪১ হাজার; বর্তমানে চিকিৎসাধীন ১ হাজার ৩১৪ জন গেল তিন মাসে মৃত্যুর গ্রাফটা কেবলই উর্ধ্বমুখী। জুনে ১৩, জুলাইয়ে ৩৬, সবশেষ আগস্টে ঝরেছে ৪৩ জনের প্রাণ। চলতি মাসের প্রথম সপ্তাহে এ সংখ্যা ২৪। সেপ্টেম্বরের প্রথম চার দিনের প্রতিদিনই হাজারের বেশি ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে হাসপাতালে। ফলে দেখা দিয়েছে চরম উদ্বেগ। ইউনিভার্সে ল মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডা. এম এ হাসনাত বলেন, আমাদের মধ্যে আসলে আতঙ্ক বেশি, কিন্তু আমরা সচেতন না। আমরা সচেতন হব, যাতে ডেঙ্গু বিস্তার লাভ না করতে পারে। ডেঙ্গু প্রজনন ক্ষেত্রগুলোকে আমরা ধ্বংস করব আগে থেকেই। আরেকটি বিষয় হচ্ছে জ্বর হলে আম রা দ্রুত ডাক্তারের কাছে যাব এবং নিশ্চিত হবো এটি ডেঙ্গু রোগ কি না। এমন অবস্থায় সরকারি বেসরকারি হাসপাতালে অন্তত ১০ শতাংশ শয্যা ডেঙ্গু রোগীর জন্য রাখার নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক প্রভাত চন্দ্র বিশ্বাস বলেন , ডেঙ্গু ওয়ার্ডে আমরা মশারি নিশ্চিত করতে চাচ্ছি। বেসকরারি হাসপাতালগুলোকেও পরীক্ষা -নীরিক্ষার ক্ষেত্রে ছাড় দেওয়ার নির্দেশনা দিয়েছি। প্রতিটি হাসপাতালে ১০ শতাংশ বেড ডেঙ্গু রোগীদের জন্য রাখার জন্য অনুরোধ জানিয়েছি। ডেঙ্গু মোকাবিলায় স্বাস্থ্য বিভাগের পর্যাপ্ত প্রস্তুতি রয়েছে। তাই আতঙ্কিত না হয়ে সচেতন হওয়ার তাগিদ দিলেন সংশ্লিষ্টরা।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ এলিনা)

## সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় ৪ বাংলাদেশি নিহত

সৌদি আরবের তায়েফ থেকে জেদ্দা বিমানবন্দরে যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় চালকসহ চার বাংলাদেশি নিহত হয়েছেন। সোমবার (৭ সেপ্টেম্বর) স্থানীয় সময় দুপুর ২টার দিকে তায়েফের আল -খুরমা মহাসড়কে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্র ও প্রবাসীদের দেওয়া তথ্য অনুযায়ী , দুর্ঘটনায় নিহত চারজনেরই বাড়ি সিলেটের কানাইঘাট উপজেলায়। প্রাথমিকভাবে তাদের দু-জনের পরিচয় নিশ্চিত হওয়া গেছে। তারা হলেন- করিম উদ্দিন ও খালিদ মিয়া। তবে অন্য দু-জনের নাম-পরিচয় এখনো জানা যায়নি। বিমানবন্দরে যাওয়ার পথে গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে আকস্মিক এ দুর্ঘটনায় চার বাংলাদেশির প্রাণহানির ঘটনায় প্রবাসী বাংলাদেশিদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। একইসঙ্গে নিহতদের নিজ এলাকায়ও শোকের আবহ বি রাজ করছে। সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও স্থানীয় কনস্যুলেট কর্মকর্তারা আইনি প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত মরদেহ দেশে পাঠানোর জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ এলিনা)

## কয়েক দিনের মধ্যেই দেশে গ্যাস পরিস্থিতি স্বাভাবিক হবে: পরিকল্পনা উপদেষ্টা

সরকারি উদ্যোগ ও বিকল্প উৎস থেকে গ্যাস আমদানির ফলে আগামী কয়েক দিনের মধ্যেই দেশে গ্যাস সরবরাহ পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা অধ্যাপক

ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর। সোমবার (৭ সেপ্টেম্বর) রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে আয়োজিত 'এনার্জি সিকিউরিটি ইন বাংলাদেশ : ফ্রম ক্রাইসিস ম্যানেজমেন্ট টু এ রেজিলেন্ট এনার্জি ট্রানজিশন' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ড. তিতুমীর বলেন, বর্তমান সরকার যখন দায়িত্ব গ্রহণ করে, তখন দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাত অত্যন্ত ভঙ্গুর অবস্থায় ছিল। আর্থিকভাবে এ খাত তীব্র সংকটে ভুগছিল এবং কৌশলগতভাবেও কোনো সুস্পষ্ট দিক-নির্দেশনা ছিল না। তিনি বলেন, আজকের যে পরিস্থিতি, তাতে পূর্বতন নীতিমালার মাধ্যমে আমাদের একটি প্রশাসনিক ও অর্থনৈতিক ফাঁদে ফেলা হয়েছে। বিগত সরকার কৌশলগতভাবে দেশের জ্বালানি খাতকে চরম আমদানিনির্ভর করে গড়ে তুলেছিল। বর্তমান জ্বালানি সংকট বাংলাদেশের জনগণ, শিল্প খাত ও সার্বিক বিনিয়োগের ওপর পরিকল্পিতভাবে চাপিয়ে দেওয়া হয়েছে বলে খাতসংশ্লিষ্ট বিশেষজ্ঞরা মনে করেন। একটি শক্তিশালী ও প্রতিযোগিতামূলক জ্বালানি ব্যবস্থা গড়ে তুলতে জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমিয়ে টেকসই ও ভারসাম্যপূর্ণ 'জ্বালানি মিশ্রণ'-এর দিকে এগিয়ে যাওয়ার তাগিদ দেন উপদেষ্টা। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ এলিনা)

## মন্ত্রী-প্রতিমন্ত্রীর ভ্রমণ বিলে নতুন নির্দেশনা

মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের সরকারি ভ্রমণ ব্যয়ের বিল দাখিল ও অর্থ বরাদ্দের ক্ষেত্রে নতুন নির্দেশনা জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। ভ্রমণ ব্যয়ের বিলের সঙ্গে প্রয়োজনীয় প্রমাণ সংযুক্ত করা, নির্ধারিত সময়ের মধ্যে অগ্রিম সমন্বয় এবং বিলের তিনটি সেট দাখিলসহ সাতটি বিষয় বাধ্যতামূলক করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসেবা শাখা থেকে গত ৩ সেপ্টেম্বর এসংক্রান্ত পরিপত্র জারি করা হয়। পরিপত্রে বলা হয়েছে, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীরা সরকারি কাজে দেশে ও দেশের বাইরে ভ্রমণ করেন। ভ্রমণ শেষে প্রকৃত ব্যয় পরিশোধের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগকে প্রয়োজনীয় কাগজপত্রসহ বিল দাখিল করতে হবে। বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে সরকারপ্রধান কর্তৃক অনুমোদিত সারসংক্ষেপের কপি এবং অভ্যন্তরীণ ভ্রমণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক জারি করা অফিস আদেশের কপি বিলের সঙ্গে সংযুক্ত করতে হবে। এ ছাড়া যানবাহন ভাড়ার ক্ষেত্রে প্রকৃত ভাড়ার টিকিট, বিমান ভ্রমণের ক্ষেত্রে বিমানের টিকিটের সঙ্গে বোর্ডিং পাস, অনুমোদিত ভ্রমণ বিবরণী ও ভ্রমণসূচি এবং আবাসিক হোটেলে অবস্থানের ক্ষেত্রে প্রকৃত পরিশোধিত বিলের কপি বা প্রমাণক দাখিল করতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৯.২০২৬ এলিনা)

## সুগন্ধি চাল রপ্তানির কোটা ৫০ শতাংশ কমাল সরকার

দেশের বাজারে চালের সরবরাহ ও মূল্য পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সুগন্ধি চাল রপ্তানিতে বড়ো ধরনের লাগাম টানল সরকার। আগে অনুমোদিত রপ্তানি কোটার ৫০ শতাংশ কমিয়ে নতুন বরাদ্দ নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে রপ্তানিতে আরোপ করা হয়েছে কঠোর শর্ত। কেজিপ্রতি সুগন্ধি চালের সর্বনিম্ন এফওবি রপ্তানিমূল্য নির্ধারণ করা হয়েছে ১.৬০ মার্কিন ডলার। বাণিজ্য মন্ত্রণালয়ের রপ্তানি-২ শাখা থেকে মঙ্গলবার জারি করা এক প্রজ্ঞাপনে ২৭৮টি প্রতিষ্ঠানের অনুকূলে আগে দেওয়া সুগন্ধি চাল রপ্তানির অনুমোদিত পরিমাণ অর্ধেকে পুনর্নির্ধারণ করা হয়েছে। সংশোধিত বরাদ্দ অবিলম্বে কার্যকর হবে এবং এর মেয়াদ থাকবে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত। সরকারের এ সিদ্ধান্তের পেছনে মূল বিবেচনা দেশের অভ্যন্তরীণ বাজারে চালের সরবরাহ স্বাভাবিক রাখা, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা এবং সম্ভাব্য মূল্যচাপ নিয়ন্ত্রণে রাখা। অর্থাৎ বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য সুগন্ধি চাল রপ্তানি চলবে, তবে তা হবে নির্ধারিত সীমার মধ্যে। বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এর আগে দুই দফায় ২৭৮টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৪৫ হাজার ২৭০ মেট্রিক টন সুগন্ধি চাল রপ্তানির অনুমতি দেওয়া হয়েছিল। কিন্তু গত ৩০ আগস্ট পর্যন্ত ১২৯টি প্রতিষ্ঠান মাত্র ২ হাজার ৪১৯ মেট্রিক টন চাল রপ্তানি করতে পেরেছে। অনুমোদিত পরিমাণের তুলনায় বাস্তব রপ্তানি যে অনেক কম, নতুন সিদ্ধান্তে সেই বাস্তবতাও সামনে এসেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## ব্যবসায়ীদের হয়রানি করে কর আদায় করা হবে না : অর্থমন্ত্রী

ব্যবসায়ীদের কোনো ধরনের অসুবিধা বা হয়রানি না করে করদাতাদের জন্য আনন্দদায়ক পরিবেশ তৈরি করে রাজস্ব আদায়ের ওপর গুরুত্ব দিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। মঙ্গলবার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড ভবনে এনবিআর ও ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ভ্যাট রিটার্ন মাসিকের পরিবর্তে এক মাস পরপর দাখিলের ব্যবস্থা ফিরিয়ে আনার বিষয়ে জানতে চাইলে অর্থমন্ত্রী বলেন, প্রতিটি স্টেকহোল্ডারের অনিষ্পন্ন রাজস্ব মামলা ও বিভিন্ন ইস্যুর দ্রুত সমাধানে আলোচনা চলছে। করদাতাদের সঙ্গে আলোচনা করে একটি সুষ্ঠু ও কার্যকর করব্যবস্থা গড়ে তোলাই সরকারের লক্ষ্য। জুলাই মাসের রাজস্ব আদায় এবং টানা তিন মাসের ভ্যাট রিটার্ন নিয়ে জটিলতার বিষয়ে জানতে চাইলে আমির খসরু বলেন, বিষয়টি নিয়ে আলোচনা করে দ্রুত সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি বলেন, ব্যবসায়ীদের কার্যক্রম ও ব্যবসা পরিচালনায় বাধা সৃষ্টি করে কোনো ধরনের কর আরোপ বা রাজস্ব আদায় প্রক্রিয়া পরিচালনা করা হবে না। দেশের অর্থনীতি ব্যবসায়ীদের দেওয়া করের ওপর অনেকাংশে নির্ভরশীল। তাই ব্যবসায়ীদের ন্যায্য সুযোগ-সুবিধা নিশ্চিত করা এবং হয়রানিমুক্ত পরিবেশে রাজস্ব আদায় করাই সরকারের উদ্দেশ্য। অর্থবছরের প্রথম দুই মাসে ভ্যাট আদায় ২২ শতাংশ কমে যাওয়ার বিষয়ে সাংবাদিকরা জানতে চাইলে প্রশ্নটি এড়িয়ে যান অর্থমন্ত্রী।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## স্বাক্ষরতার সক্ষমতায় ডিজিটাল দক্ষতাও যুক্ত হয়েছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবসে এবারের প্রতিপাদ্য 'মানুষ, পৃথিবী ও সমৃদ্ধির জন্য সাক্ষরতা'। বর্তমান বৈশ্বিক বাস্তবতায় স্বাক্ষরতার অর্থ এখন আর শুধু পড়া, লেখা ও গণনার মৌলিক সক্ষমতার মধ্যে সীমাবদ্ধ নয়। এর সঙ্গে যুক্ত হয়েছে ডিজিটাল দক্ষতা, তথ্য ব্যবহারের সক্ষমতা, সমালোচনামূলক চিন্তা, সৃজনশীলতা, জীবনদক্ষতা, পরিবেশ-সচেতনতা এবং প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার সক্ষমতা। অর্থাৎ মানুষের উন্নয়ন, পৃথিবীর সুরক্ষা এবং সমৃদ্ধ অর্থনীতি-এই তিনের সংযোগস্থলেই আজকের স্বাক্ষরতার অবস্থান। এই বাস্তবতাকে সামনে রেখে আমাদের শিক্ষানীতির মূল লক্ষ্য হচ্ছে সনদনির্ভর শিক্ষা থেকে দক্ষতাভিত্তিক, কর্মমুখী ও নৈতিক শিক্ষায় উত্তরণ। আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উপলক্ষ্যে মঙ্গলবার দেওয়া এক বাণীতে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, একটি দেশের টেকসই উন্নয়নের কেন্দ্রে থাকে জ্ঞান, দক্ষতা ও সক্ষমতাসম্পন্ন মানুষ। তাই বর্তমান সরকারের কাছে স্বাক্ষরতা শুধু নিরক্ষরতা দূর করার কর্মসূচি নয়; এটি মানুষের সক্ষমতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক অন্তর্ভুক্তি ও টেকসই সমৃদ্ধির ভিত্তি। বর্তমান সরকার এমন শিক্ষা ও স্বাক্ষরতা ব্যবস্থা গড়ে তুলতে চায়, যা মানুষকে শুধু পড়তে ও লিখতে শেখাবে না, পরিবর্তনশীল বিশ্বের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনেও সক্ষম করে তুলবে। সরকারপ্রধান বলেন, দেশে সকলের জন্য কার্যকর শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে বর্তমান সরকার দেশের ইতিহাসে শিক্ষা খাতে সর্বোচ্চ বাজেট বরাদ্দ দিয়েছে। বর্তমান সরকারের মেয়াদে এই বরাদ্দ পর্যায়ক্রমে জিডিপির ৫ শতাংশে উন্নীত করার পরিকল্পনা ও প্রতিশ্রুতি রয়েছে। পাশাপাশি সর্বজনীন প্রাক্-প্রাথমিক শিক্ষা, শিশুর প্রারম্ভিক বিকাশ, মাতৃভাষাভিত্তিক শিক্ষা এবং প্রাথমিক পর্যায় থেকেই মানবিক ও নাগরিক মূল্যবোধ বিকাশে বিনিয়োগ বাড়ানো হবে। স্বাক্ষরতার পরবর্তী ধাপ হবে দক্ষতা, আর দক্ষতার লক্ষ্য হবে আত্মনির্ভরতা ও কর্মসংস্থান। তাই স্বাক্ষরতা কার্যক্রমকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, প্রযুক্তি শিক্ষা, ডিজিটাল দক্ষতা এবং কর্মমুখী প্রশিক্ষণের সঙ্গে কার্যকরভাবে যুক্ত করা জরুরি। বিশেষ করে গ্রামীণ শিক্ষাবঞ্চিত নারী ও গৃহিণীদের জন্য স্থানীয় পর্যায়ে দক্ষতা উন্নয়ন ও ডিজিটাল স্বাক্ষরতার সুযোগ সম্প্রসারণের বিকল্প নেই। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## ডেঙ্গু প্রতিরোধে প্রত্যেককে সচেতন হতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান ডেঙ্গু প্রতিরোধে নিজেদের ঘরবাড়ি, শিক্ষাপ্রতিষ্ঠান ও আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, 'ডেঙ্গু প্রতিরোধে আমাদের প্রত্যেককে সচেতন হতে হবে। নিজেদের ঘরবাড়ি ও আশপাশে কোথাও যেন পানি জমে না থাকে, সেদিকে খেয়াল রাখতে হবে। নিয়মিত পরিচ্ছন্নতা বজায় রাখলে ডেঙ্গুর বিস্তার অনেকটাই প্রতিরোধ করা সম্ভব।' মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে নেত্রকোনার কলমাকান্দা বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। একইসঙ্গে পড়াশোনার পাশাপাশি নিয়মিত খেলাধুলা করা এবং প্রাণী ও জীবজন্তুর প্রতি যত্নশীল হওয়ার পরামর্শও দেন প্রধানমন্ত্রী। পরিচ্ছন্নতার অভ্যাস নিজের পরিবার থেকেই শুরু করার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, 'তোমরা নিজেরা পরিষ্কার-পরিচ্ছন্ন থাকবে এবং পরিবারের সদস্য, বন্ধু ও প্রতিবেশীদেরকেও সচেতন করবে। তোমাদের ছোটো ছোটো উদ্যোগই একটি পরিচ্ছন্ন ও সুস্থ সমাজ গড়ে তুলতে সহায়তা করবে।' সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের পড়াশোনার খোঁজ-খবর নেন। তারা কোন শ্রেণিতে পড়ে, কীভাবে পড়াশোনা করছে এবং ভবিষ্যতে কী হতে চায়- এসব বিষয়েও তাদের সঙ্গে আন্তরিকভাবে কথা বলেন প্রধানমন্ত্রী। পড়াশোনার পাশাপাশি শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, 'শুধু পাঠ্যবইয়ে মনোযোগ দিলেই হবে না; সুস্থ ও সুন্দরভাবে বেড়ে উঠতে নিয়মিত খেলাধুলা ও শরীরচর্চা করতে হবে। সময়ের সঠিক ব্যবহার করতে হবে এবং নিজেদের ভালো মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।' ষষ্ঠ থেকে দশম শ্রেণির ৪২ জন শিক্ষার্থী আজ জাতীয় সংসদের অধিবেশন দেখতে সংসদ ভবনে আসেন। তাদের সঙ্গে বিদ্যালয়ের পাঁচজন শিক্ষক এবং পরিচালনা কমিটির দু-জন সদস্যও ছিলেন। সংসদ অধিবেশন প্রত্যক্ষ করার একপর্যায়ে তারা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সুযোগ পান। প্রধানমন্ত্রীর সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ পেয়ে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আনন্দ ও উচ্ছ্বাস দেখা যায়। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি হিসেবে শপথ নিলেন খলিলুর রহমান

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে শপথ নিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মঙ্গলবার বাংলাদেশ সময় রাত ৯টার পর নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে ৮১তম অধিবেশনের নবনির্বাচিত সভাপতি ড. খলিলুর রহমানের আনুষ্ঠানিক শপথ অনুষ্ঠিত হয়। তিনি আগামী এক বছর জাতিসংঘের সর্বোচ্চ প্রতিনিধিত্বশীল ও বৈশ্বিক বহুপক্ষীয় ফোরামটির সভাপতির দায়িত্ব পালন করবেন। গুরুত্বপূর্ণ এই বৈশ্বিক নেতৃত্বের দায়িত্ব গ্রহণ করায় জাতিসংঘের বাংলাদেশ কার্যালয় খলিলুর রহমানকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছে। জাতিসংঘের সদরদপ্তরে গত ২ জুন সাধারণ পরিষদের সভাপতি নির্বাচন অনুষ্ঠিত হয়। ড. খলিলুর পান ৯৯ ভোট। অন্যদিকে একমাত্র প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের প্রার্থী আন্দ্রেয়াস এস কাকুরিস পেয়েছিলেন ৯১ ভোট। ৮১তম অধিবেশনের সভাপতির আনুষ্ঠানিক শপথ গ্রহণের আগে ড. খলিলুর রহমান এক ব্রিফিংয়ে অংশ নেন। সেখানে তিনি সভাপতি হিসেবে আগামী অধিবেশনে জাতিসংঘ সাধারণ পরিষদের কার্যক্রম কীভাবে পরিচালিত হবে, সে বিষয়ে তাঁর দৃষ্টিভঙ্গি তুলে ধরেন। চলতি মাসের

শেষ দিকে বার্ষিক উচ্চপর্যায়ের সাধারণ বিতর্কে অংশ নিতে নিউইয়র্কে জাতিসংঘের সদরদপ্তরে বিশ্বনেতাদের সমবেত হওয়ার কথা রয়েছে। তাদের মধ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানও থাকবেন বলে আশা করা হচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## ২০২৭ সাল থেকে পাঠ্যবইয়ে থাকবে জুলাই অভ্যুত্থান নানা বিষয়

জুলাই গণ-অভ্যুত্থান, জুলাই-আগস্টের গণহত্যা এবং শেখ হাসিনা সরকারের শাসনামলের নানা বিষয় ২০২৭ শিক্ষাবর্ষ থেকে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার সরকারের উদ্যোগের কথা জাতীয় সংসদে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। মঙ্গলবার জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য, জুলাই শহিদ জাবির ইব্রাহিমের মা রোকেয়া বেগমের প্রশ্নের লিখিত উত্তরে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী। শিক্ষামন্ত্রীর অনুপস্থিতিতে শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ সংসদে তার পক্ষে উত্তর দেন। ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে বৈঠকের শুরুতে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষার্থীদের বয়স ও শ্রেণি অনুযায়ী জুলাই গণ-অভ্যুত্থানের কারণ, ঘটনাপ্রবাহ, গণহত্যা, শহিদদের আত্মত্যাগ, নারীদের ভূমিকা এবং অভ্যুত্থানের ঐতিহাসিক তাৎপর্য তুলে ধরা হবে। নবম-দশম শ্রেণির 'বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা' পাঠ্যপুস্তকেও আওয়ামী লীগের শাসনামলের বিভিন্ন ঘটনা অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে গুম, গণহত্যা, অর্থ পাচার, নির্বাচনব্যবস্থা ধ্বংস, পিলখানা ট্র্যাজেডি, সাংবাদিক হত্যা ও গণমাধ্যমে হস্তক্ষেপ। ২০২৭ শিক্ষাবর্ষ থেকে শিক্ষার্থীরা সংশ্লিষ্ট পাঠ্যপুস্তকে এসব বিষয় পড়ার সুযোগ পাবে বলেন জানান শিক্ষামন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

## স্বামী-স্ত্রীর কর্মস্থল কাছাকাছি রাখার চেষ্টা করা হচ্ছে : সমাজকল্যাণমন্ত্রী

স্বামী-স্ত্রী উভয়ের কর্মস্থল কাছাকাছি, একই জায়গা, শহর কিংবা একই উপজেলায় রাখার চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন। মঙ্গলবার সংসদে বিরোধীদলের সদস্য মারদিয়া মমতাজের বিধি-৭১ এর আওতায় জরুরি জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে এ কথা জানান। সমাজকল্যাণমন্ত্রী বলেন, 'মহিলাবিষয়ক অধিদপ্তরের অধীনে ৪৪টি ডে-কেয়ার সেন্টার এরইমধ্যে কাজ করছে। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে রয়েছে ২০টি ডে-কেয়ার সেন্টার। এছাড়াও আরও ২০টি ডে-কেয়ার অর্থাৎ মোট ৬৪টি ডে-কেয়ার সেন্টার এই মুহূর্তে ঢাকা শহর এবং ঢাকার বাইরে আমরা পরিচালনা করছি।' তিনি বলেন, 'সারা দেশে আরও ৬০টি ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে। এই সমস্ত ডে-কেয়ার সেন্টারগুলোতে এরইমধ্যে ৪ হাজার ৫০টি ১৫ দিন থেকে ৬ বছর বয়সি শিশুদের অফিস চলাকালীন সকাল সাড়ে ৮টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত রাখার ব্যবস্থা রয়েছে।' মন্ত্রী জানান, বর্তমানে ৫৩টি শিশু দিবাযত্ন কেন্দ্রে কর্মরত মায়েদের জন্য ব্রেস্টফিডিং সেন্টারও আমাদের আছে। আরও ১১টি ব্রেস্টফিডিং সেন্টার স্থাপনের কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৯.২০২৬ আসাদ)

# BBC

## AT LEAST TWO PEOPLE DEAD AFTER RUSSIAN STRIKES ON KYIV

At least two people have been killed after Russia resumed airstrikes on the Ukrainian capital of Kyiv early on Tuesday, officials said. The attack came after both countries agreed to halt strikes on each other's capitals for three days while US Donald Trump's top envoys visited Moscow and Kyiv. Ukrainian President Volodymyr Zelensky said on Monday he expected the war to continue into the winter, following talks with Steve Witkoff and Jared Kushner - their first visit to Ukraine since Russia's full-scale invasion. Air raid alerts warned civilians to seek shelter as Russian forces launched drone strikes on Kyiv early on Tuesday, authorities said. A series of explosions across Ukraine's capital overnight killed two people and injured ten others, the city's state emergency service said on Telegram.
(BBC News Web Page: 08/09/26, FARUK)

## HIGHEST PAID WORLD LEADER TO GET SALARY INCREASE OF $1 MILLION

Singapore's government says it will raise the annual salaries of its ministers and other office holders, including its prime minister who is the highest paid political leader in the world. Lawrence Wong will see an increase of 1.4 million Singapore dollars ($1.1m) in his annual pay package. He has said he will donate this pay increase to charity over the next five years. Wong said that raising the pay of ministers was necessary to attract better talent. The government has previously argued that paying ministers high salaries deters corruption. But the move has attracted criticism in Singapore where there is deep concern about job security and the rising cost of living. Even before his pay raise kicks in, Wong is still by far the highest paid world leader. He currently receives an annual salary of S$2.2m and will now see his pay go up by more than 60% to S$3.6m. Next is Hong Kong chief executive John Lee, who earns about $719,000, followed by Switzerland's president Guy Parmelin with $606,000.
(BBC News Web Page: 08/09/26, FARUK)

**ARGENTINA TO FILE CRIMINAL CASE AGAINST OIL COMPANY OPERATING IN FALKLANDS**

The Argentine government has said that it would file criminal charges against oil company Navitas Petroleum for operating in seas off the Falkland Islands. The move came just days after Argentine President Javier Milei said he would sanction oil companies drilling in the British overseas territory in the south-west Atlantic Ocean. Sovereignty of the archipelago remains disputed between the UK and Argentina more than 40 years after a British military task force ejected Argentine forces which had invaded the territory in 1982. The simmering dispute heated up last week, when Milei said in a speech to the nation that the "winds of change" favoured Argentina's claim to the Falklands.

(BBC News Web Page: 08/09/26, FARUK)

**NEPAL CRACKS DOWN ON ONLINE ABUSE OF FLOOD SURVIVORS**

NEPAL is cracking down on online abuse directed at survivors of last month's deadly floods, with Prime Minister Balendra Shah warning that authorities will "show no leniency" to people who "belittle" those who are suffering. Some have taken to social media to appeal for information about their loved ones and to urge officials to step up search efforts, only to be hit by hostile comments. "People who make unnecessary remarks, belittle those in pain or seek to cause them further suffering at this sensitive time are criminals," Shah wrote in a Facebook post. Nepali police say they are looking into where these comments have originated from to identify addresses and phone numbers.

(BBC News Web Page: 08/09/26, FARUK)

**CANADA BRACES FOR PROLONGED TRADE WAR AS COUNTER-TARRIFS ON US TAKE EFFECT**

Canada's retaliatory tariffs on a range of US goods came into effect on Tuesday, with no sign of a trade deal on the horizon. The counter-tariffs will apply to nearly C$28bn worth of American products, from steel to furniture to cotton T-shirts, and will be as high as 50%. Fresh fish and lobster were also on the list, but Canada later omitted them after pushback from its seafood industry - a sign of the tricky balance it has to strike as it retaliates against its largest trading partner. Both US and Canadian officials have said they would like to strike a deal, but no movement has been made to resume talks after they collapsed in late August. Speaking to reporters last week, Prime Minister Mark Carney said that Canada is still in search of a deal with the US that is "durable" and in the best interests of both countries.

(BBC News Web Page: 08/09/26, FARUK)

**NORTH KOREA AND RUSSIA OPEN FIRST ROAD BRIDGE LINKING BOTH COUNTRIES**

The first road bridge linking Russia and North Korea has opened, allowing the two countries to more easily move cargo and passengers between their border across the Tumen river. Pyongyang state media said the bridge will be used for "personnel exchanges, tourism and trade". But Ukrainian investigative organization Truth Hounds said the bridge is intended "primarily to establish a covert military logistics corridor" to support Russia in the Ukraine war. It comes amid stronger ties between the countries since the start of the Ukraine war, with Russia's Putin and North Korea's Kim Jong Un previously pledging that they would help each other in the event of "aggression" against either country. Russian Prime Minister Mishustin described the bridge as a "new symbol of friendship", while North Korea's Prime Minister Pak Thae Song said it was a "historical event".

(BBC News Web Page: 08/09/26, FARUK)

**:: THE END ::**